অপরক্ষেত্রে রবীন্দ্রনাথের ষ্টাইল অননুকরণীয়, উপন্যাসে তাঁর মতো ভাষা কেউ দিতে পারেননি, কিন্তু আধুনিকেরা একটা অংশে তাঁকে ছাড়িয়ে গেছেন; সেটা হ'ল সংলাপের স্বাভাবিকতা। রবীন্দ্রনাথের কথোপ-কথনের ভাষা অলংকৃত। তিনি বলতেন, যে দরবারে তিনি প্রবেশ করবেন তাঁর সেই রকম পোষাক দরকার, তাই নাটকের সংলাপের দিকে তিনি যতটা দৃষ্টি দিয়েছিলেন, উপন্যাসে ততটা দেননি।

বাংলার নাট্যসাহিত্যে রবীন্দ্রনাথের কাব্যনাট্য, রম্যনাট্য, গীতিনাট্য প্রভৃতির কোনো অনুকরণ হয়নি। এখনও চিরপ্রচলিত নাট্যধারায় নাটক লেখা হচ্ছে। এ-যুগে সংস্কার চাহিদায় এবং নবযুগের বার্তাবহনের জন্য নাটক লেখা হয়। রবীন্দ্রনাথের নাটক ভাববিগ্রহাত্মক। একেকটি ভাবের ব্যক্তিরূপক অভিব্যক্তি নিয়ে তিনি নাটক লিখেছেন। ভাবের সংগে ভাবের সমন্বয় অথবা দ্বন্দ্ব দিয়ে তিনি একেকটা চরিত্রের সৃষ্টি করেছেন। তিনি নিজের অন্তরের তাগিদে স্বচ্ছন্দে লিখেছেন, দেনাপাওনার কোনো হিসাব করেননি। বর্তমান নাট্যকারদের চাহিদার দিকে লক্ষ্য রেখে লিখতে হয় বলে তাঁর মতো নাটক লেখা সম্ভব হয়নি।

রবীন্দ্রনাথের সমালোচনাসাহিত্য একটা সম্পূর্ণ নূতন জিনিষ। তাঁর সমালোচনা মানে পূজা, — কাব্যের

সারটুকু, বৈশিষ্ট্যটুকু তুলে ধরা। এ-ধরণের সমালোচনা আজ আর নেই, এখন কিছু উদ্ধৃতি তুলে দিয়ে ভালোমন্দ কিছু বলা। রবীন্দ্রনাথের সমালোচনা ছিল প্রকৃতপক্ষে রসালোচনা।

পত্রসাহিত্যে রবীন্দ্রনাথের অবদান খুব বড়। তাঁর পত্রের যে পাত্র, সে হ'ল উপলক্ষ্য — লক্ষ্য দেশকাল। এগুলো তাঁর টুকরোটুকরো চিন্তা, গল্পে বা কাব্যে যাদের রূপ দেওয়া যায় না। এই টুকরো চিন্তাগুলো তিনি পত্রসাহিত্যে অমর করে' রেখেছেন।

ভ্রমণবৃত্তান্তকেও কবি ভ্রমণসাহিত্যে পরিণত করেছেন। পরবর্তী ভ্রমণসাহিত্যে তার প্রভাব দেখা যায়।

রবীন্দ্রনাথের "জীবনস্মৃতিও" একটা সাহিত্য। স্মৃতিকথামাত্র সাহিত্য হয়না। তাঁর বৈচিত্র্যময় চিন্তা ও অভিজ্ঞতার ইতিহাসরূপেই তাঁর জীবনস্মৃতি সাহিত্যে পরিণত হয়েছে। এর বিষয়েও পরবর্তী লেখকরা রবীন্দ্রনাথের অনুসরণ করেছেন।

তাঁর গানের ধারা আজও বয়ে চলেছে। পরবর্তীদের মধ্যে দ্বিজেন্দ্রলাল ও রজনীকান্ত ছিলেন একাধারে গীতিকার ও সুরকার। কাজি নজরুল ইসলাম ও দিলীপকুমার এই ধারার শেষ। এখনকার কোনো কবি গাইতে পারেননা। গান গেয়ে গেয়ে গান রচনা না করতে পারলে তেমন ভালো গান হয়না।

বাংলার প্রবন্ধকে সাহিত্যে পরিণত করার কাজও তাঁর দ্বারাই হয়েছে,— অর্থাৎ যা-কিছু তিনি লিখেছেন তাই যাতে সাহিত্য হয় সেদিকে তাঁর দৃষ্টি ছিল। সাহিত্যরসে অভিষিক্ত না করে' তিনি কিছু বলতেননা এবং সম্পূর্ণ রসসৃষ্টির জন্যই তিনি প্রবন্ধ রচনা করেছিলেন। অনেক সময়ে তিনি আলোচনার সংলাপের মধ্য দিয়ে মতকে প্রতিষ্ঠিত করেছেন। অবনীন্দ্রনাথ, বলেন্দ্রনাথ, প্রমথ চৌধুরী, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, জগদানন্দ রায় প্রভৃতি তাঁর প্রবন্ধ সাহিত্যের ধারা অনুসরণ করেছিলেন। মনে হয়েছিল "সবুজপত্রের" মধ্য দিয়ে এই ধারা বহুদিন চলবে, কিন্তু তা হ'লনা। এখনকার প্রবন্ধ সাহিত্যে রবীন্দ্রনাথের প্রভাব খুব কম।

রবীন্দ্রনাথের ভাষাকে কর্পূরবাসিত পরমান্নের সংগে তুলনা করা যায়। তাঁর সাধারণ বাকভংগী, কৌতুকোচ্ছ্বাস, অনুশীলনের জিনিষ। বর্তমানে লেখকরা ইংরাজি বই পড়ে' ইংরাজি প্রকাশ ও বাচনভংগী বর্তমান সাহিত্যে এনেছেন, তাই বাংলাভাষা আজকাল ইংরাজির অনুবাদে পরিণত হচ্ছে। আমাদের ভাষার নিজস্ব যে ভাবপ্রকাশের ক্ষমতা আছে সেকথা জানা যায় কেবলমাত্র বিদ্যাসাগর থেকে রবীন্দ্রনাথের সাহিত্য পর্যন্ত অনুশীলনের দ্বারা।

আজকের যুগ রবীন্দ্রনাথকে এড়িয়ে চলতে গিয়ে তাঁর ভাবধারা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। তাঁর প্রভাব উপলব্ধির অনুসরণ করলে সাহিত্যের শুচিতা, পারিপাট্য, পরিচ্ছন্নতা প্রভৃতি গুণ বজায় রাখা যেত।

**(শিক্ষণশিক্ষা মহাবিদ্যালয়ের জনৈকা ছাত্রীর বিবৃতি অবলম্বনে)**

( প্রথম পৃষ্ঠা হইতে )

এবং একান্তভাবে কোনও বিষয়ে পরীক্ষা চালালে তবেই সঠিক সিদ্ধান্তে আসা যেতে পারে। নূতন পদ্ধতিতে বেশ কিছুদিন পরীক্ষা চালানোর সঙ্গে সঙ্গে তার ফলাফল পুরাতন পদ্ধতিতে শিক্ষার ফলের সঙ্গে বিজ্ঞানসম্মত ভাবে তুলনা করতে হবে। বর্তমানে বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং অন্যান্য শিক্ষকদের নিজেদেরই আগ্রহ সহকারে এগিয়ে এসে নূতন শিক্ষার প্রবর্তন করতে হবে।

বিদ্যালয়ের সংগঠন বা পঠন-পাঠন সম্বন্ধে কেউ কোনও সংস্কার কার্য করছেন না এ কথা অবশ্য ঠিক নয়। এমন অনেকের কথা আমরা জানি যাঁরা বিশেষ প্রচেষ্টার ফলে কোনও একটি দুটি বিষয়ে অথবা সাধারণভাবে নিজেদের বিদ্যালয়ের উন্নতি সাধন করেছেন। তাঁরা যদি তাঁদের নিজেদের পরীক্ষা নিরীক্ষার অভিজ্ঞতা এবং তার ফলাফলের কথা সকলকে জানান, তাহলে তাঁদের উদাহরণের দ্বারাই অন্য অনেকে বিশেষভাবে উৎসাহ পাবেন ও উপকৃত হবেন। এই শ্রাবণীর পৃষ্ঠাতেই আমরা তাঁদের কাজকর্মের কথা ছাপাতে পারি। মনোবিজ্ঞান সম্মত নূতন নূতন পদ্ধতির সাহায্যে যাঁরা গতানুগতিকের সংকীর্ণ সুড়ঙ্গ থেকে শিক্ষাকে মুক্ত করতে চান, তাঁদের সঙ্গে আমাদের নিগূঢ় যোগ। নানাভাবে আমরা তাঁদের সাহায্য করতে পারি—আলোচনা দিয়ে, পুস্তক ও শিক্ষা সরঞ্জামের মাধ্যমে, এমন কি কোনও ক্ষেত্রে হাতে কলমে কাজের মধ্য দিয়ে।

আপনাদের সকলের সহযোগিতায় দেশের মাধ্যমিক শিক্ষার উন্নতি বিধানের চেষ্টা করাই আমাদের কাজ।

**নলিনী দাশ**

# গ্রীষ্মকালীন শিক্ষাশিবির

১৯৬২ খৃষ্টাব্দের ২৮শে মে থেকে ৮ই জুন পর্যন্ত অনুষ্ঠিত শিক্ষাশিবিরে আলোচনার তিনটি প্রধান বিষয় ছিল, যথা—(ক) তথ্যপঞ্জীর (কিউমিউলেটিভ রেকর্ড) যথাযথ সংরক্ষণ, (খ) মাধ্যমিক বিদ্যালয়ের কার্যকলাপ এবং (গ) মানোন্নতির জন্য পরীক্ষামূলক গবেষণা।

কলিকাতা ও বাহিরের বিভিন্ন বিদ্যালয়ের আঠাশজন শিক্ষিকা এই শিবিরে অংশগ্রহণ করেছিলেন। তাঁরা প্রতিদিন অপরাহ্নে দুটো থেকে চারটে পর্যন্ত মহিলা শিক্ষণশিক্ষালয়ের অধ্যাপিকা শ্রীযুক্তা শান্তি দত্তের তত্ত্বাবধানে প্রথম বিষয়টির এবং সকালে ১১টা থেকে ১টা পর্যন্ত শ্রীযুক্তা কল্যাণী কার্লেকরের তত্ত্বাবধানে দ্বিতীয় ও তৃতীয় বিষয়ের আলোচনা করেন। দ্বিতীয় ও তৃতীয় আলোচনার ফল নিচে দেওয়া হ'ল।

**মাধ্যমিক বিদ্যালয়ের কার্যক্রম**—প্রথমে মাধ্যমিক বিদ্যালয়ে কি কি কার্যক্রম গৃহীত হতে পারে তার আলোচনায় কাজগুলিকে তিনটি প্রধান ভাগে ভাগ করা হয়। যথা পাঠ্যবিষয়ক, পাঠ্যসহায়ক ও পাঠ্যবহির্ভূত। বিভিন্ন প্রকারের কাজের উল্লেখ ও আলাচনার ফলে দেখা যায় যে যে-সকল কাজ বিদ্যালয়ে করা যেতে পারে তার অনেকগুলোই আংশিকভাবে উপরিউক্ত একাধিক শ্রেণীর অন্তর্গত হতে পারে। তারপর শিক্ষিকারা বিভিন্ন দলে বিভক্ত হয়ে বিভিন্ন কার্যকলাপের সম্বন্ধে যে তালিকা ও বিবৃতি প্রস্তুত করেন তার কিছু কিছু নিচে দেওয়া হ'ল।

**পাঠ্যবহির্ভূত বিষয়**—পাঠ্যবহির্ভূত বিষয়ের মধ্যে ক্লাব বা সমিতিকে প্রধানরূপে গণ্য করা হয়। এই আলোচনায় অংশগ্রহণ করেছিলেন—উষা পাত্র, রত্না রায়, অমিতা দাশগুপ্তা, মমতা সরকার, নমিতা সরকার ও বিবৃতিলেখিকা মায়া রায় চৌধুরী। এ-ভিন্ন বিদ্যালয়ের সংঘ বা হাউজ এবং হোমরুম বা নিকেতন সম্বন্ধেও এঁরা আলোচনা করেছিলেন। তাঁদের আলোচনার মূল বক্তব্যগুলি নিচে দেওয়া হ'ল।

## *সমিতি*

**উদ্দেশ্য**—বিদ্যালয়ে বিভিন্ন বিষয়ের সমিতি স্থাপনের দ্বারা নানাপ্রকার উদ্দেশ্য সাধিত হয়। প্রথমতঃ ছাত্রীরা স্বতঃপ্রবৃত্তভাবে কাজ করে বলে' শিক্ষিকারা এখানে তাদের আগ্রহ, স্বভাব, নৈপুণ্য প্রভৃতির পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও মূল্যায়ণ করতে পারেন। দ্বিতীয়ত, সমিতিতে ছাত্রীরা আমোদের মাধ্যমে রুচি অনুযায়ী শিক্ষালাভ করতে পারে। তৃতীয়ত, নিয়মানুবর্তিতা ও পারস্পরিক সহযোগিতার অভাব, তৎপরতার বৃদ্ধি, ব্যক্তিত্বের বিকাশ প্রভৃতির দ্বারা তাদের মানসোৎকর্ষ সাধিত হয়। সর্বশেষ ও সর্বপ্রধান, সমিতির আমোদপ্রমোদে তারা বিশুদ্ধ আনন্দ লাভ করে।

বিদ্যালয়ে যে বিভিন্ন বিষয়ের সমিতি স্থাপিত হ'তে পারে তারমধ্যে সাহিত্য বিজ্ঞান, শিল্পকলা ও ক্রীড়া এই চারি বিষয়ক সমিতির উল্লেখ ও আলোচনা করা হয়।

পঞ্চম ষষ্ঠ থেকে দশম একাদশ পর্যন্ত শ্রেণীর ছাত্রীদের রুচি ও প্রবণতা অনুযায়ী বিভিন্ন সমিতিতে যোগ দিতে বলা হবে এবং যাতে প্রত্যেক ছাত্রী কোনো না কোনো সমিতির সভ্য হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। একেক সমিতিতে ছাত্রীসংখ্যা অত্যধিক হ'লে শ্রেণী অনুসারে তাদের উচ্চ, মধ্য ও নিম্ন বিভাগে ভাগ করা হবে। একেক সমিতিতে অনধিক ত্রিশজন সভ্য থাকা বাঞ্ছনীয়।

প্রত্যেক সমিতির তত্ত্বাবধানের ভার একজন শিক্ষিকার ওপর ন্যস্ত থাকবে এবং ছাত্রীদের মধ্যে থেকে সম্পাদক, সহ-সম্পাদক, কোষাধ্যক্ষ, হিসাব পরীক্ষক নির্বাচিত হবে। প্রত্যেক সমিতির নিয়মিত কার্যবিবরণী রাখা হবে এবং প্রত্যেক সভ্যের একেকটি করে' প্রশ্নোত্তর ও সংগ্রহের খাতা থাকবে।

প্রতিমাসে সামান্য চাঁদা সংগ্রহ করে' ব্যয়নির্বাহের ব্যবস্থা হবে। উপরন্তু দানগ্রহণ, প্রদর্শনীর সময়

ছাত্রীদের হাতের কাজ বিক্রয় ও বিচিত্রানুষ্ঠানের প্রবেশমূল্য ধার্য করেও অর্থসংগ্রহ করা যাবে।

প্রতি শনিবার একঘণ্টা সময় সমিতির কার্যকলাপের জন্য নির্দিষ্ট করার কথা বলা হয়েছে এবং প্রতি সমিতির ও সমিতির বিভিন্ন ছাত্রীদের উৎসাহ বর্ধনের জন্য পুরস্কার দেওয়ার সুপারিশ করা হয়েছে। অবশ্য পুরস্কার দিয়ে প্রতিযোগিতার ভাবের সৃষ্টি করা বাঞ্ছনীয় কিনা সে প্রশ্ন করা যেতে পারে।

একই ছাত্রীর একাধিক বিষয়ে আগ্রহ ও নৈপুণ্য থাকলে একাধিক সমিতির সভ্য হতে পারে কিনা এই আলোচনা হয়। বিজ্ঞানের ছাত্রীর হয়তো খেলাধুলার দিকে আগ্রহ ও নৈপুণ্য থাকতে পারে অথবা সাহিত্যিক প্রবণতাসম্পন্ন ছাত্রী হয়তো ছবিও আঁকতে পারে। বিদ্যালয়ে যদি একদিনে এক সময়ে সবগুলি সমিতির অধিবেশনের ব্যবস্থা করা হয় তবে একেক ছাত্রী একাধিক সমিতিতে যোগ দিতে পারে না কিন্তু যদি বিভিন্ন সমিতির অধিবেশন বিভিন্ন সময়ে হয় তবেই তা করা যাবে।

এরপর বিভিন্ন বিষয়ের সমিতির কথা নিয়ে পৃথক অলোচনা হয়।

**সাহিত্য সমিতি**—সাহিত্য-সমিতির সভ্যারা তত্ত্বাবধায়িকা শিক্ষিকার উৎসাহ ও সহযোগিতায় মৌলিক গল্প, প্রবন্ধ, কবিতা প্রভৃতি রচনায় উদ্যোগী হবে, সেগুলি সংগ্রহ করে' হাতের লেখা পত্রিকা ও দেয়ালপত্রীতে প্রকাশ করবে এবং শেষে শ্রেষ্ঠ রচনাগুলিকে বিদ্যালয়-পত্রিকার জন্য নির্বাচিত করা হবে।

বিতর্ক, আবৃত্তি ও অভিনয়কে সাহিত্যিক কার্যকলাপের মধ্যে ধরা হয়েছে। সাহিত্যে প্রসিদ্ধ কোনো স্থানে ভ্রমণ বা জীবিত সাহিত্যিক সন্দর্শনের ব্যবস্থাও সাহিত্য সমিতি করবে। স্বাধীন সাহিত্যপাঠ ও আলোচনায় উৎসাহ দেওয়া, বেতারে বা সভাসমিতিতে সাহিত্যবক্তৃতা শোনা বা আলোচনায় যোগ দেওয়া, সাহিত্যিকদের বিদ্যালয়ে নিমন্ত্রণ করে' আনা প্রভৃতি সাহিত্যসমিতির কর্তব্যের অন্তর্গত হবে।

**বিজ্ঞান সমিতি**—বিজ্ঞানের দিকে ঝোঁক ও ক্ষমতানুযায়ী ছাত্রীরা ওই সমিতিতে যোগ দিতে পারবে। আগ্রহবৃদ্ধির জন্য সমিতির দেয়ালপত্রে বিজ্ঞানবিষয়ক নানা ছবি ও লেখা প্রদর্শন করা হবে ছাত্রীদের জিজ্ঞাস্য প্রশ্ন একটি বাক্সে ফেলা হবে, (অবশ্য এটি বিজ্ঞান ভিন্ন অন্যান্য সমিতির পক্ষেও বাঞ্ছনীয়) পরে প্রশ্নগুলি গুছিয়ে নিয়ে মেধাবী ছাত্রী বা শিক্ষিকাদের দ্বারা উত্তরদানের ব্যবস্থা হবে।

সভ্যারা বৈদ্যুতিক ঘণ্টা, পেরিস্কোপ প্রভৃতি নানাপ্রকার ছোটখাট যন্ত্রপাতি তৈরী করবে। তারা বিভিন্ন প্রাকৃতিক বস্তু নিয়ে একটি মিউজিয়াম করবে। সমিতির একটি পৃথক বৈজ্ঞানিক পুস্তক সংগ্রহ থাকলে সভ্যাদের তথ্যানুসন্ধানের সুবিধা হবে।

বাগান করা বিজ্ঞানসমিতির একটি বিশেষ কাজ হবে। এতে স্বাস্থ্য, সৌন্দর্য্যবোধ ও আনন্দের বৃদ্ধির সংগে সংগে প্রকৃতিবিষয়ে (বিশেষত উদ্ভিদ বিজ্ঞান) বিশেষ জ্ঞান বৃদ্ধি পাবে।

**শিল্পকলাসমিতি**—শিল্পকলাসমিতির প্রধান বিষয় হস্তশিল্প। এই শিল্প পাঠ্য বিষয়ে প্রযুক্ত অথবা বিশুদ্ধ হ'তে পারে। পাঠ্যসম্পর্কে ছাত্রীরা বিভিন্ন বিষয়ের পাঠে ব্যবহার্য চার্ট, ম্যাপ, ছবি, মডেল প্রভৃতি তৈরী করতে পারবে। শিল্পাংশে নানাপ্রকার ছবি, কার্টুন, আলপনা, সেলাই, মাটির কাজ, চামড়ার কাজ, পাতার কাজ, বেতের কাজ প্রভৃতি গণ্য। এইসব কাজের মধ্যদিয়ে ছাত্রীরা নিজেদের দক্ষতা ও পারদর্শিতার বৃদ্ধি ও সৃষ্টির আনন্দ লাভ করতে পারে। বৎসরে এক বা একাধিকবার বিদ্যালয়ে শিল্পকলা প্রদর্শনীর ব্যবস্থা করা যেতে পারে এবং অর্থাভাবের ক্ষেত্রে শিল্পপ্রস্তুত জিনিষ বিক্রয় অথবা প্রদর্শনীতে প্রবেশমূল্য ধার্য করে' অর্থসংগ্রহের ব্যবস্থা করা যেতে পারে।

সংগীত নৃত্যাদির অনুশীলন এবং জলসা ও বিচিত্রার অনুষ্ঠানে আমোপ্রমোদের মধ্য দিয়ে ছাত্রীরা নিজেদের নৈপুণ্যের বৃদ্ধি ও প্রকাশের আনন্দ লাভ করতে পারলে এবং অর্থাভাব হ'লে এ-ক্ষেত্রেও প্রবেশমূল্য দ্বারা অর্থাগম হ'তে পারবে।

**খেলাধুলার সমিতি**—দেহমন পরস্পর সংশ্লিষ্ট, মনের স্বাস্থ্য জ্ঞানসঞ্চয়ের ভিত্তিস্বরূপ এবং মনকে সজীব ও মুক্ত করায় ক্রীড়া বিশেষ স্থান অধিকার করে। এইসব কারণে বিদ্যালয়ে জ্ঞান ও নৈপুণ্যলাভের সংগে যাতে ছাত্রীদের দৈহিক উন্নতি হ'তে পারে সেদিকে দৃষ্টি দেওয়া কর্তৃপক্ষের কর্তব্য।

পঞ্চম ষষ্ঠ থেকে দশম একাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রীদের নিম্ন, মধ্য ও উচ্চ এই তিন ভাগ ক'রে সমিতি গঠিত হবে। একজন শারীরশিক্ষণ শিক্ষিতা শিক্ষিকা তত্ত্বাবধায়িকা রূপে থাকবেন এবং প্রত্যেক ভাগে ছাত্রীদের মধ্য থেকে যথেষ্ট ক্ষমতাসম্পন্ন একজন করে' অধিনায়িকা নির্বাচিত হবে। শিক্ষিকাতত্ত্বাবধায়িকা ক্রীড়াপদ্ধতি দেখিয়ে দেবেন এবং ছাত্রী-অধিনায়িকা পরিচালনা করবে। সাধারণ নানা খেলাধুলার সংগে ব্রতচারী, ব্যায়াম, লাঠি ও ছোরাখেলা ইত্যাদির অনুশীলন করা হবে। মাঝে মাঝে প্রতিযোগিতা ও পুরস্কারের ব্যবস্থা থাকলে উৎসাহের বৃদ্ধি হবে। যারা বাইরের খেলাধূলায় উৎসাহী নয় ও যাদের শরীর দুর্বল তাদের জন্য এবং গ্রীষ্মবর্ষা প্রভৃতি ঋতুর জন্য ঘরে বসে খেলার ব্যবস্থা করা হবে।

ব্যয়নির্বাহের জন্য অন্যান্য সমিতির মতো চাঁদা এবং ক্রীড়াকৌতুক ও প্রতিযোগিতার প্রদর্শনী করে অর্থসংগ্রহের ব্যবস্থা করা যেতে পারে।

## স ং ঘ

**উদ্দেশ্য**—সমিতির মতো সংঘের (House System) মধ্যেও ছাত্রীদের বিভিন্ন প্রকারের রুচি, প্রকৃতি ও দক্ষতার পর্যবেক্ষণের সুযোগ শিক্ষিকারা পান। ছাত্রীরা সংঘের মধ্য দিয়ে বিভিন্ন বিষয়ের শিক্ষালাভ ও আনন্দ উপভোগ করে এবং তাদের চরিত্রে নিয়মানুবর্তিতা, শৃংখলা সহযোগিতা প্রভৃতি গুণের বিকাশ হয় ও তারা সুষ্ঠু আচারব্যবহার করা শেখে।

**সংগঠন ও পরিচালনা**—পঞ্চম ষষ্ঠ থেকে দশম একাদশ পর্যন্ত প্রত্যেক শ্রেণীর ছাত্রীদের কয়েকটি ভাগে বিভক্ত করে' বিভিন্ন সংঘের অন্তর্ভুক্ত করা হবে। প্রতিটি সংঘে উপরিউক্ত সব শ্রেণীর একটি করে' ভাগ থাকবে। প্রত্যেক সংঘের আলাদা নাম দেওয়া হবে এবং আলাদা পরিচায়ক রং ও প্রতীকচিহ্নও থাকতে পারে।

একজন বা দুইজন শিক্ষিকা প্রতি সংঘের তত্ত্বাবধান করবেন এবং সংঘভুক্ত ছাত্রীরা শিক্ষকের সহায়তায় কাজের পরিচালনা করবে। সব ছাত্রী মিলে সাংগঠনিক দক্ষতা আছে এমন ছাত্রীদের সংঘ পরিচালনার জন্য নির্বাচিত করবে। প্রত্যেক সংঘের পরিচালকমণ্ডলীতে সভাপতি ও কার্যাধ্যক্ষ ভিন্ন একজন কোষাধ্যক্ষ, একজন হিসাব পরীক্ষক ও একজন কার্যবিবরণী লেখক ছাত্রীদের দ্বারা দক্ষতার ভিত্তিতে নির্বাচিত হবে।

প্রতি শনিবার অথবা সপ্তাহে একদিন একঘণ্টা করে সংঘের অধিবেশন হবে। তত্ত্বাবধায়করা দেখবেন ছাত্রীরা যাতে নিজেরা আগ্রহী হয়ে কাজ করে। প্রয়োজন বোধে সংঘগুলির হাতে বিদ্যালয়ের সমিতিসমূহের পরিচালনার এবং প্রদর্শনী, বিচিত্রানুষ্ঠান প্রভৃতির দ্বারা অর্থসংগ্রহের ভার দেওয়া যেতে পারে। বিভিন্ন সমিতির প্রয়োজনানুযায়ী অর্থবণ্টনের ভারও সংঘগুলি নিতে পারে। বিভিন্ন সংঘের মধ্যে আবৃত্তি, বিতর্ক, প্রবন্ধরচনা, নৃত্যগীত, নাট্যাভিনয়, খেলাধূলা প্রভৃতির প্রতিযোগিতা ও পুরস্কারের ব্যবস্থা করা যেতে পারে। সংঘ ও সমিতির কার্যকলাপের মধ্যে প্রচুর মিল থাকায় অনেক বিদ্যালয়েই হয় সংঘ, নয় সমিতি স্থাপিত হবে অথবা সমিতির বিভাগ শ্রেণী অনুযায়ী না করে' সংঘানুসারে করা যেতে পারবে।

**কার্যকলাপ**—সংঘের জন্য সমিতিরই অনুরূপ কার্যক্রম দেওয়া হয়েছে বলে সেগুলির পুনরুক্তি করা হ'য় না। তাছাড়া বিদ্যালয়ের প্রশাসন, পরিচালন, ও শৃংখলারক্ষার অনেক কাজও কর্তৃপক্ষেরা ছাত্রীসংঘের মধ্য দিয়ে করিয়ে নিতে পারবেন। বিদ্যালয়ে পূজা ইত্যাদির অনুষ্ঠান, শিক্ষা ও আনন্দমূলক ভ্রমণের ব্যবস্থা এবং সমাজসেবামূলক কাজের ভার ছাত্রীরা সংঘগত ভাবে নিতে পারে।

সংঘ ও সমিতির কাজের তুলনামূলক বিচারে অভিমত প্রকাশ করা হয়েছে যে সমিতিতে সভ্যগণ এককেটি বিষয় অবলম্বনে উত্তরোত্তর অধিকতর পারদর্শিতা ও জ্ঞানলাভ করে, কিন্তু সংঘের সভ্যরা বিচিত্রবিষয়ের অভিজ্ঞতা

ও অভ্যাস লাভ করতে পারে। এই পার্থক্য ভিন্ন দুয়ের কার্যক্রম বহু অংশে পরস্পরের ক্ষেত্রসীমা অতিক্রম করে বলে' বিদ্যালয়ে হয় সংঘ ও সমিতি উভয়ের ব্যবস্থা করে' স্পষ্টভাবে কর্মক্ষেত্রের বিভাগ করে' দিতে হবে অথবা সংঘগুলির ওপরই সমিতিগুলির ভার ন্যস্ত করতে হবে। শিক্ষিকাদের মতে অধিকাংশ বিদ্যালয়ে নানা প্রকার অভাব অভিযোগের ফলে সংঘ বা সমিতির মধ্যে একটির কার্যক্রম গ্রহণ করাই যথেষ্ট হবে।

## নি কে ত ন

**পরিচয় ও উদ্দেশ্য**—ইংরেজি হোমরুম শব্দের ভাবগত অর্থ এই যে বিদ্যালয়ের মধ্যে ছাত্রীরা এমন একটি আপন অংশ পাবে যাকে নিজগৃহের মতো পরিচিত ও আত্মনীন করে' নিতে পারবে। এই হিসেবে বাংলায় নিজগৃহ বা নিকেতন শব্দ হোমরুমের ভাবানুবাদরূপে গ্রহণ করা যায়।

ছাত্রী ও শিক্ষিকাদের মধ্যে সুন্দর ও ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপন, গণতান্ত্রিক ভিত্তিতে সহযোগিতার দ্বারা সামাজিক জীবন যাপনের অভিজ্ঞতা অর্জন, সুনাগারিকতার অভ্যাস, বিভিন্ন প্রকারের ব্যক্তিগত ক্ষমতা ও পারদর্শিতার বিকাশ, কর্মপরিচালনা ও প্রশাসনক্ষমতার বিকাশ প্রভৃতি বহুবিধ উদ্দেশ্য নিয়ে নিকেতনের পরিচালনা করা হয়।

**সংগঠন ও পরিচালনা**—নিকেতনের তত্ত্বাবধানের জন্য প্রধান শিক্ষিকা এমনভাবে একটি শিক্ষিকাসমিতি গঠন করে' দেবেন যাতে তাঁদের মধ্যে ক্রীড়া, অভিনয়, নৃত্যগীত, প্রকাশ, ছাত্রপরিচালনা ( guidance and counselling ) ও শিক্ষাবিষয়ে বিশেষ জ্ঞান ও ক্ষমতার নিদর্শন থাকে। সংঘের মতো বিভিন্ন শ্রেণীর ছাত্রীদের নিয়ে এককেটি নিকেতন রচিত হবে। বিদ্যালয়ের ছাত্রীসংখ্যা অনুসারে নিকেতনের সংখ্যা নির্ধারিত হবে। একেক নিকেতনে সভ্যসংখ্যা অতিরিক্ত বেশী না হওয়া বাঞ্ছনীয় কিন্তু বড় বড় বিদ্যালয়ে দুইশত পর্যন্ত ছাত্রীকে এককেটি নিকেতনের অন্তর্গত করে' দেওয়া যেতে পারে।

নিকেতনের কাজ গণতান্ত্রিক ভিত্তিতে পরিচালিত হ'লে ছাত্রীরা সুনাগরিকতার কায়িক শিক্ষা লাভ করবে। একজন করে' সভানেত্রী, সহ-সভানেত্রী, কার্যাধ্যক্ষ, কোষাধ্যক্ষ ও কয়েকটি সভ্য নিয়ে প্রতি নিকেতনের কার্যকরী সমিতি গঠিত হবে। সভ্যেরা ছাত্রীদের দ্বারা নির্বাচিত হবে এবং নির্বাচনপ্রার্থিনী প্রত্যেক ছাত্রীকে নির্ধারিত মানে জ্ঞান, ক্ষমতা ও গুণাবলির প্রমাণ দিয়ে নির্বাচনপ্রার্থনার যোগ্যতালাভ করতে হবে। নির্বাচনের জন্য বিশেষ প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতাসমূহের ওপরও সভ্যাদের জন্য সহযোগিতা, সহানুভূতি, সুপ্রকৃতি প্রভৃতি চারিত্রিক গুণের মান নির্দিষ্ট থাকবে। এইরূপ ভিত্তিতে নির্বাচন প্রতিযোগিতার পরিচালনায় অভ্যস্ত হলে ছাত্রীরা ভবিষ্যতের নাগরিক নির্বাচনের উপযুক্ত ভিত্তিসমূহের উপলব্ধি করতে পারবে।

কার্যকরী সমিতির অধিবেশন নিয়মিতভাবে, নির্দিষ্টকালে করা হবে এবং গৃহীত নিয়মাবলীর অনুসারে কার্যক্রম পরিচালিত হবে। সাধারণত বিদ্যালয় দিবসের প্রথম ঘণ্টায় নিকেতনের অধিবেশন হবে।

**কার্যক্রম**—নিকেতনের সভ্যারা শিক্ষিকাদের সহায়তায় নিজেদের ইচ্ছা ও প্রয়োজনানুসারে শিক্ষা, ভবিষ্যৎ জীবিকা, স্বাস্থ্য, সামাজিক, আত্মবিকাশ, আমোদ প্রমোদ প্রভৃতি জীবনের প্রত্যেক ক্ষেত্রের উপযোগী সুনির্দিষ্ট পরিণতি লাভ করতে পারবে। অভিভাবকেরাও এখানে তাঁদের সমস্যা ও মতামত নিয়ে আসতে পারবেন এবং শিক্ষিকা, ছাত্রী ও অভিভাবক সমাজের মধ্যে সার্থক, মধুর সম্পর্ক গড়ে তোলার ওপর নিকেতনের সাফল্য নির্ভর করবে।

সংঘের মতো নিকেতনগুলিতেও বিদ্যালয়ের প্রশাসনসম্পর্কীয় কিছু কিছু কাজ ন্যস্ত হবে। ছাত্রীদের অনুপস্থিতির কারণ, বিদ্যালয়ের নিয়মশৃংখলা রক্ষা, মাহিনা, চাঁদা প্রভৃতির আদায়, বিশেষ উৎসবানুষ্ঠানের পরিচালনা, জাতীয় পতাকার প্রতি সম্মানপ্রদর্শন, প্রয়োজনীয় ঘোষণা ও বিজ্ঞাপনের প্রকটন প্রভৃতি কাজ নিকেতনের দ্বারা করানো যেতে পারে।

সংহতি ও সহযোগিতার সৃষ্টি হ'ল নিকেতনে মূল ভাবাদর্শ। এইজন্য এখানে এমনসব কার্যক্রম গৃহীত হবে যার কোনো-না-কোনোখানে প্রত্যেক সভ্য অংশগ্রহণ করতে পারে। নিকেতনের সভ্যরা সমগ্র বিদ্যালয়ে গৃহীত সাধারণ প্রকল্পগুলির (projects) ওপরও আমোদপ্রমোদ, শিক্ষামূলক ভ্রমণ, সমাজসেবা খেলাধূলা প্রভৃতি নিজস্ব কার্যসূচী গ্রহণ করতে পারবে। নিকেতনগুলির মধ্যে আন্তঃনিকেতনিক প্রতিযোগিতাসমূহ অনুষ্ঠিত করা যাবে। তাছাড়া অল্পমেধা ও বহুমেধা ছাত্রীদের মনোবিকাশের জন্য বিশেষ বিশেষ কার্যকলাপ ও পঠনপাঠনের ব্যবস্থা, দুঃসহ পরিবারের ছাত্রীদের গোপনে সাহায্য করা, নিকেতনের সজ্জা ও সৌন্দর্যবিধান ও সভ্যদের সমুদয় কার্য্যকলাপের মানোন্নয়ন প্রভৃতির ভারও এরা নেবে। নিকেতনের কাজ যেন ছাত্রীসেবা না হয়, বরঞ্চ প্রত্যেক ছাত্রী যাতে আত্মোন্নতির জন্য নিজের দায়িত্ব অনুভব করতে পারে সেকথা সবসময়ে মনে রাখতে হবে।

**উপসংহার**—উপসংহারে বলা হয়েছে যে সমিতি, সংঘ ও নিকেতনের কাজকে পাঠ্যবহির্ভূত বলে' গ্রহণ করা হলেও এগুলি আবার বহুলাংশে পাঠ্যসহায়ক ও এরা পাঠ্যবিষয়ভুক্ত। যথা, বিজ্ঞান সাহিত্য, শিল্পকলা প্রভৃতি বিষয়ের সমিতির মধ্য দিয়ে বা সংঘ বা নিকেতনের উক্ত বিষয়ক কার্যাবলীর মধ্য দিয়ে ছাত্রীরা কেবল যে আনন্দ ও আত্মবিনোদনের পথ খুঁজে পায় তা নয় বিদ্যালয়পাঠ্য উক্ত বিষয়গুলির অনুশীলনদ্বারা পাঠেও উন্নতি লাভ করতে পারবে। শিক্ষিকারাও এই পাঠ্যবহির্ভূত কাজগুলিতে ছাত্রীরা কিরূপ অংশগ্রহণ করে তার পর্যবেক্ষণ দ্বারা তথ্যপঞ্জীর তথ্যসংগ্রহে এবং বিষয়নির্বাচনে ছাত্রীদের সাহায্য করায় অনেক সুবিধা পাবেন।

## উৎসব ও সভা

বিদ্যালয়ের উৎসব ও সভার অনুষ্ঠানের বিষয়ে আলোচনা ও বিবৃতি রচনা করেন প্রভা ঘোষ, করুণা ভট্টাচার্য, নিরুপমা বসু, বেলা ব্যানার্জি, শেফালী পাল ও বাণী চৌধুরী।

কালের পরিবর্তনের সংগে যেমন সব কিছুরই পরিবর্তন হয়, তেমনি লোকের ধারণা ও মনোভাবেরও পরিবর্তন হয়। শিক্ষার ক্ষেত্রেও একথা প্রযোজ্য। ভারতীয় শিক্ষার যে প্রাচীন যুগে ছাত্রেরা গুরুগৃহে থেকে পড়াশুনো করতো তখন তাদের সর্বাংগীন বিকাশের দিকে দৃষ্টি রাখা গুরুর প্রধান কর্তব্য ছিল এবং সে-সময়ে নানা কাজের মধ্য দিয়ে পরীক্ষা করে' তবেই গুরু শিষ্যের শিক্ষা সমাপ্তি ঘোষণা করতেন। ক্রমে শিক্ষায় মুখস্থ বিদ্যার প্রাদুর্ভাব দেখা যায় এবং নানা পরিবর্তনের ধারা বেয়ে আজকে আমরা বৃটিশ আমলে উদ্ভূত যে শিক্ষাব্যবস্থার অধিকারী হয়েছি তার প্রধান লক্ষ্য পুথিগত ও বৌদ্ধিক শিক্ষার দিকে। এই শিক্ষা ছাত্রদের জীবনে কতটা কার্যকরী হচ্ছে বা ছাত্রের চরিত্রের সর্বাংগীন বিকাশে কতখানি সাহায্য করছে তা দেখার প্রয়োজনবোধ নেই। এইরূপ শিক্ষা অত্যন্ত নীরস হয় এবং ছাত্রদের মনে শিক্ষাভীতির সঞ্চার করে। শিক্ষার এই রূপটিকে রবীন্দ্রনাথ "তোতা কাহিনীর" রূপকের মাধ্যমে প্রকাশ করেছিলেন এবং অন্যত্র "কেরানিগিরির শিক্ষা" বলে' অভিহিত করেছিলেন। এই ব্যবস্থায় ছাত্রের অন্য কোনো গুণ না থাকলেও কেবল মুখস্থ বিদ্যার জোরে সে প্রতিষ্ঠিত ও সুপ্রসিদ্ধ হ'তে পারে। এই শিক্ষার মধ্যে আনন্দের স্থান নেই এবং অল্পদিন আগে পর্যন্ত খেলাধূলা ও শারীরিক উন্নতির প্রচেষ্টাকে অনর্থক সময় নষ্ট বলে' বিদ্যালয়ের কার্যতালিকায় তাদের স্থান দেওয়া হ'তনা।

বর্তমানে শিক্ষার সংজ্ঞার পরিবর্তন হয়েছে এবং ছাত্রের চরিত্র ও ব্যক্তিত্বের সর্বাংগীন বিকাশই প্রকৃত শিক্ষার উদ্দেশ্য বলে' গৃহীত হয়েছে। এইজন্য বিদ্যালয়ের কার্যতালিকার মধ্যে পরিবর্তনের প্রয়োজনবোধ হচ্ছে। শিক্ষাক্ষেত্রে বিভিন্ন কার্যকলাপের আয়োজন হচ্ছে, নানা উৎসব ও অনুষ্ঠানের মাধ্যমে ছাত্রদের চরিত্র ও ব্যক্তিত্বের বিকাশের সুযোগ দেওয়ার প্রস্তাব হয়েছে এবং এই সব প্রক্রিয়ার দ্বারা ছাত্রদের বিভিন্ন বিষয়ের আগ্রহ, কর্মক্ষমতা ও অন্তর্নিহিত গুণাবলীর পরিমাপ করার চেষ্টা হচ্ছে।

**উৎসবের তালিকা**—সাধারণত বিদ্যালয়ের অনুষ্ঠিত উৎসবের মধ্যে নিম্নলিখিতগুলি প্রধান, যথা—নেতাজী দিবস (২৩শে জানুয়ারী), সাধারণতন্ত্র দিবস (২৬শে জানুয়ারী), বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা, পুরস্কার বিতরণী, সরস্বতী পূজা, রবীন্দ্রজন্মোৎসব (২৫শে বৈশাখ), স্বাধীনতা দিবস (১৫ই আগষ্ট); বনভোজন, ভ্রমণ, বিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবস, প্রাক্তন ছাত্রী সম্মেলন, বিদায়ী উৎসব, বনমহোৎসব, শারদোৎসব ইত্যাদি।

উদ্দেশ্যের দিক দিয়ে এই উৎসবগুলিকে কতকগুলি ভাগে ভাগ করা যায়।

জাতীয় দিবসগুলি পালিত হয়ে জাতীয়তাবোধের উন্মেষের জন্য, যেমন সাধারণতন্ত্র ও স্বাধীনতাদিবস। এই দুই অনুষ্ঠানে সাধারণতঃ দিনগুলির বিশেষত্বের আলোচনা ও জাতীয় সংগীতের পরিবেশন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন, পতাকাকে সম্মানপ্রদর্শন ও কুচকাওয়াজও এইদিনের অনুষ্ঠানের অন্তর্গত।

দেশের স্মরণীয় ব্যক্তিদের জন্মোৎসব পালন করে' ছাত্রীদের তাঁদের প্রতি শ্রদ্ধার শিক্ষা দেওয়া হয় এবং তাঁদের জীবনীর কীর্তিকলাপের আলোচনা করা হয়। নেতাজিদিবস ও রবীন্দ্রজন্মোৎসব এই পর্যায়ে পড়ে।

পুরস্কারবিতরণী ও বাৎসরিক ক্রীড়াপ্রতিযোগিতার অনুষ্ঠান হয় ছাত্রীদের উৎসাহিত করার জন্য। এই-দিক থেকে এই দুটি উৎসব একশ্রেণীর অন্তর্গত।

সরস্বতীপূজা, ভ্রমণ ও বনভোজনের উপলক্ষ্যে ছাত্রীদের মধ্যে আনন্দের সংগে একযোগে কাজ করার ক্ষমতার উন্মেষ হয়।

বনমহোৎসব এবং শারদোৎসব পালিত হয় প্রকৃতির সংগে ভাবযোগসাধনের জন্য।

প্রতিষ্ঠাদিবস, প্রাক্তন ছাত্রীসম্মেলন, বিদায়ী উৎসব মাতাপিতৃদিবস ইত্যাদি উৎসবে বিদ্যালয়ের নূতন-পুরাতনের ও ভিতরবাহিরের যোগ সাধিত হয়। বিদ্যালয়ের গৌরববোধ এবং সমাজের সংগে একাত্মবোধ বর্ধিত হয়।

এইসব উৎসবের নানা উদ্দেশ্য। এগুলি ছাত্রজীবনে বৈচিত্র্য আনে, ছাত্রীদের চরিত্র ও ব্যক্তিত্বের বিকাশ সাধন করে, পারস্পরিক সহযোগিতায় কাজের শিক্ষা দেয়, দায়িত্ববোধ, সামাজিকতা ও নাগরিকতার চেতনার উন্মেষ করে। তাছাড়া এগুলির সহায়তায় তাদের মধ্যে নানাপ্রকার নৈপুণ্য, কর্মদক্ষতা, আগ্রহ প্রকাশ পায় এবং শিক্ষিকাদের পক্ষে তাদের সম্বন্ধে নানাবিধ তথ্যসংগ্রহের সুযোগ ঘটে। সর্বোপরি এইসব শিক্ষাসম্পর্কিত আনন্দদায়ক কাজের মাধ্যমে শিক্ষাভীতি দূর হয়, জ্ঞান ও নৈপুণ্যের অর্জনের উদ্দেশ্যসমূহ জীবন্তরূপে দেখা যায়।

**সংগঠন ও পরিচালনা**—এইসব অনুষ্ঠানের দায়িত্ব, পদ্ধতি ও কার্যক্রমের বিষয়ে আলোচনায় দেখা যায় যে সাধারণত ব্যায়াম ও সংগীতের শিক্ষিকারা সাধারণতন্ত্রদিবস ও স্বাধীনতাদিবসের কার্যক্রমের সংগে ঘনিষ্ঠভাবে যুক্ত থাকেন। তাঁরা ছাত্রীদের মধ্য থেকে কর্মীর নির্বাচন করে' বিভিন্ন কাজের ভার দেন। অন্যান্য উৎসবেও এঁরা জড়িত থাকেন এবং প্রধান শিক্ষিকা অন্যান্য শিক্ষিকাদের ওপর বিভিন্ন কাজের ভার দেন। তাছাড়া ছাত্রীদের মধ্য থেকে স্বেচ্ছাসেবিকার দল নির্বাচিত করে' উৎসবের কাজগুলি তাদের মধ্যে বণ্টন করে' দেওয়া হয়, অথবা ছাত্রীরা নিজেরা "কমিটি" নির্বাচিত করে' উৎসবের কাজের পরিচালনা করে।

**অর্থসংগ্রহ**—এইসব অনুষ্ঠানের জন্য অর্থের প্রয়োজন। ছোটখাট উৎসবের ব্যয় বিদ্যালয়ের তহবিল থেকেই নির্বাহিত হয় আবার কতগুলির জন্য ছাত্রেরা চাঁদা তোলে। প্রদর্শনী, হাতের কাজ বিক্রয় করা, প্রবেশ মূল্য ধার্য করে' অভিনয় বা বিচিত্রানুষ্ঠানের দ্বারা অর্থ সংগ্রহের কথা এ-সম্পর্কে চিন্তা করে' দেখা যায়।

**উন্নয়নের প্রস্তাব**—এই উৎসবগুলির অনুষ্ঠানকে অধিক মূল্যবান ও কার্যকর করে' তুলবার জন্য কতকগুলি প্রস্তাব করা হয়েছে।

প্রথমত, বর্তমানে শিক্ষিকারা এই বিষয়ে যতটা দায়িত্ব গ্রহণ করেন তা কমিয়ে দিয়ে ছাত্রীদের ওপর দায়িত্বের পরিমাণ বাড়িয়ে দিলে তাদের আত্মবিশ্বাস, সহযোগিতা, ঐক্যবোধ, দায়িত্ববোধ ও কর্তব্যপরায়ণতা বৃদ্ধি পাবে। সংঘ (হাউজ) বা নিকেতনের (হোমরুম) প্রবর্তন করা উচিত। প্রতি সংঘ বা নিকেতনের নেত্রীদের ওপর প্রধান শিক্ষিকা বিশেষ বিশেষ অনুষ্ঠানের জন্য অস্থায়ী কমিটি গঠন করার দায়িত্ব দেবেন ও সেই কমিটিগুলি প্রধান শিক্ষিকা ও ভারপ্রাপ্ত শিক্ষিকার সহযোগিতায় কাজ করবে।

এই বিবৃতিতে নূতন নূতন অনুষ্ঠানের কথাও বলা হয়েছে। বীরপূজার জন্য আরো অন্যান্য মহৎ ব্যক্তির জন্মতিথি পালন করা যায় এবং চারুকলা, বিজ্ঞান, সাহিত্য প্রভৃতির সমিতি থেকে সেই সেই বিষয়ে শ্রেষ্ঠ ব্যক্তিদের স্মরণদিবসের অনুষ্ঠান করা যায়।

তাছাড়া বিদ্যালয়ের বিশেষ বিশেষ সভায় অনুষ্ঠান করা যায়। প্রতিদিন বিদ্যালয়ের প্রারম্ভে সমবেত প্রার্থনার সময়ে সাধারণত ছাত্রীদের প্রতি বিশেষ বক্তব্য ও ঘোষণাগুলি বলা হয়ে থাকে। এই প্রার্থনাসভা ভিন্ন সপ্তাহে অন্তত একদিন সমবেত সভা করে' ছাত্রীদের উল্লেখযোগ্য এবং প্রসংশনীয় কাজের জন্য অভিনন্দিত করে' কোনো দোষ ত্রুটি ঘটে থাকলে তার নিবারণের উপায়ের আলোচনা করা যেতে পারে। তাছাড়া পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং বিশেষ বিশেষ জাতীয় ও সামাজিক ঘটনা নিয়ে সভার অনুষ্ঠান হ'তে পারে।

## বিদ্যালয়-প্রকাশন

এই বিভাগে আলোচনা ও বিবৃতিরচনা করেছেন— উর্মিলা মিত্র ( লেখিকা ), সুমতি ভট্টাচার্য, লক্ষ্মী চক্রবর্তী ইলা সেনগুপ্তা ও সুপ্রিয়া চক্রবর্তী।

শিক্ষার উদ্দেশ্য ছাত্রের সর্বাংগীন উন্নতি-সাধন, তার যে চারিত্রিক বৈশিষ্ট্যগুলি ছাত্রজীবনেই দেখা দেয় তার সুপরিচালনা। কেবল পুঁথিগত বিদ্যার সাহায্যে এই উদ্দেশ্য সফল করা সম্ভব নয়। কারণ তাতে তার চারিত্রিক দোষগুণের পরিচয় পাওয়া যায় না এবং সুপ্ত গুণ ও প্রতিভা বিকাশলাভ করেনা। তাই শিক্ষা কেবল বইয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে না, তার সংগে প্রয়োজনীয় এমন কতকগুলি বিষয় থাকবে, যার সাহায্যে ছাত্র নিজেকে প্রকাশ করার মতো সুযোগ পায়। এই সুযোগ-গুলিই তার ভবিষ্যতের জীবনগঠনের ভিত্তি হবে।

এইসব কারণে পাঠবিষয়ের সংগে কতকগুলি পাঠ্য বহির্ভূত বিষয় শিক্ষার অন্তর্গত হয়। এই বিষয়গুলি তার একঘেয়ে পড়াশুনায় বৈচিত্র্য আনে, কর্মে উদ্দীপনা, সহযোগিতা, নিষ্ঠা, দায়িত্বজ্ঞান ইত্যাদির সৃষ্টি করে; আত্মশক্তি বর্ধিত করে। পাঠ্যবহির্ভূত বিষয়ের মধ্যে সাধারণত প্রকাশন, সভাসমিতি, উৎসব, ছাত্রশাসন, সমাজসেবা ইত্যাদির উল্লেখ করা হয়ে থাকে।

প্রকাশনকে যদিও পাঠ্যবহির্ভূত বিষয় বলে' ধরা হয় তবু এর সাফল্য ছাত্রীদের জ্ঞান ও রচনাক্ষমতার ওপর অত্যন্ত বেশি পরিমাণে নির্ভর করে বলে এর সংগে পড়া-শুনোর সম্পর্ক অতি ঘনিষ্ঠ।

**প্রকারভেদ** ছাত্রছাত্রীদের মধ্যে নিজেকে পাঁচজনের কাছে প্রকাশ করার ও প্রশংসা লাভ করার আকাংক্ষা প্রবল থাকে। এই আকাংক্ষা পূর্ণ করার একটি পথ তাদের লেখার মধ্য দিয়ে।

প্রকাশন নানাপ্রকার হ'তে পারে। প্রথমত অধিকাংশ বিদ্যালয়ই বিদ্যালয়পত্রিকা প্রকাশ করে থাকে। এগুলি বাৎসরিক, ষাণ্মাসিক, ত্রৈমাসিক বা মাসিকভাবে প্রকাশিত হয়। এর প্রথমটিই অধিক প্রচলিত। কারণ বৎসরে একাধিকবার পত্রিকা প্রকাশের উপযোগী উপকরণ যোগাতে ছাত্র-ছাত্রীদের লেখার অভ্যাস ও উৎসাহ বৃদ্ধি পেলেও বাঁধাধরা পড়ার ক্ষতি হওয়া সম্ভব।

শ্রেণী বা বয়সভেদে বিদ্যালয়পত্রিকা প্রকাশ করা যেতে পারে। যেমন ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত একটি এবং নবম থেকে একাদশ শ্রেণী পর্যন্ত একটি পত্রিকা প্রকাশিত হ'তে পারে। এতে কাছাকাছি বয়সের ছাত্র-ছাত্রীর মধ্যে লেখার প্রতিযোগিতা হ'তে পারে এবং লেখার মানের পরিমাপও সহজ হয়। বিদ্যালয়ের প্রতিটি শ্রেণীতে পৃথক পত্রিকা প্রকাশিত হওয়াও অসম্ভব নয়। যে-সব বিদ্যালয়ে সংঘের ব্যবস্থা আছে সেখানে প্রত্যেক সংঘের নিজস্ব পত্রিকা থাকতে পারে। এইসব ক্ষেত্রে সব পত্রিকার শ্রেষ্ঠ রচনা চয়ন করে' বিদ্যালয়পত্রিকায় প্রকাশিত হ'তে পারে। সাধারণত বিদ্যালয়পত্রিকা ভিন্ন অন্যগুলি হাতে লেখা হয়ে থাকে।

বিদ্যালয়ে অনেক পত্রিকার প্রচলনের সুবিধা এই যে তাতে অধিকাংশ ছাত্র-ছাত্রী লিখবার সুযোগ পায়। যে দল বা শ্রেণীর পত্রিকা শ্রেষ্ঠ বলে' বিবেচিত হবে তাকে পুরস্কার দিয়ে উৎসাহ দেওয়া যায়। অবশ্য স্বাস্থ্যসম্মত প্রতিযোগিতার ভাব যাতে রেষারেষি বা দলাদলিতে পরিণত না হয় সেদিকে শিক্ষিকাদের দৃষ্টি রাখতে হবে।

**বিষয়বস্তু ও অবয়ব** বিদ্যালয়পত্রিকা বিদ্যালয়ের প্রতিচ্ছবি, তাই তাকে যথাসম্ভব ত্রুটিহীন ও সুন্দর করা উচিত। প্রচ্ছদপটেই পত্রিকার প্রথম পরিচয়। ছাত্রীদের দ্বারা অংকিত ছবি বা পত্রিকার নামের উপযোগী কোনো ছবি প্রচ্ছদপত্রে মুদ্রিত করা যেতে পারে। এছাড়া ওখানে থাকবে পত্রিকার নাম,

বিদ্যালয়ের নাম, প্রকাশের সনতারিখ, পত্রিকার খণ্ড বা বর্ষ ও সংখ্যা। অনেক সময়ে সূচীপত্র বা বিদ্যালয়ের ছবি প্রচ্ছদপটে মুদ্রিত করা হয়।

শিক্ষিকা ও ছাত্রীদের পরামর্শদ্বারা পত্রিকার একটি উপযুক্ত, সুন্দর নাম ঠিক করা হয়।

ছাত্রীদের রচনার অভ্যাসগঠন ও প্রকাশভংগীর উন্নতি করা বিদ্যালয়পত্রিকার উদ্দেশ্যের অন্তর্গত বলে' এতে বাংলা ব্যতীত ইংরাজী, হিন্দী ও সংস্কৃত ভাষায় রচনা দেওয়ার জন্য তাদের উৎসাহিত করা উচিত। সাধারণত রচনার মধ্যে থাকে ছোট গল্প, কবিতা, ভ্রমণকাহিনী ও প্রবন্ধ। বড় গল্পও ক্রমশঃভাবে প্রকাশ করা যায়। বিদ্যালয়ের পরিচালনায় কোনো চড়ুইভাতি বা শিক্ষামূলক ভ্রমণ হয়ে থাকলে তার বর্ণনাও পত্রিকায় স্থান পাবে। শ্রেণীতে লেখা রচনার মধ্যে শ্রেষ্ঠ রচনাগুলি পত্রিকার জন্য নির্বাচিত করে' শিক্ষিকারা ছাত্রীদের পুরস্কৃত করবেন। ছোট গল্প, কবিতা, ব্যংগচিত্র প্রভৃতির মাধ্যমে ছাত্রীরা হাস্যরস পরিবেশন করতে পারে। শিক্ষিকারা শিক্ষা বা আদর্শমূলক রচনা দিতে পারেন। সারাবিশ্বের আপাতিক সংবাদসঞ্চয় পত্রিকায় দেওয়া যেতে পারে এবং বিদ্যালয়ের সারাবৎসরের বিশেষ বিশেষ উৎসব, ঘটনা, পুরস্কার বিতরণ, বহিঃপরীক্ষার ফলাফল, বাৎসরিক ক্রীড়াপ্রতিযোগিতা, সর্বভারতীয় বা আন্তঃবিদ্যালয়ী কোনো উৎসব বা প্রতিযোগিতায় বিদ্যালয়ের ছাত্রীরা যোগদান বা সাফল্যলাভ করলে তার বিবৃতি অবশ্যপ্রকাশ্য। সর্বশেষে সম্পাদকীয়ের মধ্যে সম্পাদকমণ্ডলীর নিরপেক্ষ মতামত, কৃতজ্ঞতাস্বীকার প্রভৃতি থাকবে। শিক্ষিকাদের নামের তালিকা অনেক সময়ে বিদ্যালয়ের পত্রিকায় প্রকাশিত হয়। ছাত্রীদের আঁকা ছবি এবং ভ্রমণ, উৎসব ও অন্যান্য অনুষ্ঠানের কার্য্যকলাপের ছায়াছবি ছাত্রীরা বা শিক্ষিকারা তুলে বা ব্যবসায়ী ফটোগ্রাফারের সাহায্যে তুলিয়ে পত্রিকায় প্রকাশ করে' তার সৌন্দর্য ও চিত্তাকর্ষকতা বৃদ্ধি করা যায়।

বিদ্যালয়ের বিভিন্ন প্রকারের পত্রিকা ছাড়া অন্যান্য প্রকারের প্রকাশনের ব্যবস্থাও বিদ্যালয়ের করা যায়। উচ্চ শ্রেণীর ছাত্রীরা পালা করে দৈনিক সংবাদপত্রের "কাটিং" বা চুম্বক নির্দিষ্ট বোর্ডে তুলে দিতে পারে এতে ছাত্রীদের মধ্যে সংবাদপত্র পাঠের অভ্যাস গঠিত হয়ে উঠবে।

## দেওয়াল ও সমাচার পত্রিকা

বিদ্যলয়ের সমাচার পত্রিকারও ব্যবস্থা করা যায়। দেওয়ালপত্রীতে প্রতিদিন বা প্রতি সপ্তাহে মহাপুরুষদের শ্রেষ্ঠবাণী লিখে দেওয়া যায়। এর দ্বারা ছাত্রীরা মহাপুরুষদের রচনা ও জীবনী পাঠে অনুপ্রেরিত হবে। প্রাচীর পত্রিকায় ছোট গল্প, হাস্যকৌতুক, কবিতা প্রভৃতিরও স্থান আছে। ছাত্রীদের অংকিত ছবি, আলপনা, গৃহীত ফোটোর দ্বারা একে সুসজ্জিত করা যায়। এগুলিতে প্রত্যেকেই যোগ দিতে পারে এবং এগুলি থেকে প্রত্যেকেই কিছু-না-কিছু শিখতে পারে। শ্রেণী পত্রিকার পাশাপাশি প্রত্যেক শ্রেণীর প্রাচীর ও সমাচার পত্র থাকতে পারে। তাতে ছাত্রীদের লেখার প্রেরণা ও ক্ষমতা দুইই বাড়বে। প্রত্যেক শ্রেণীর এই পত্রগুলি যাতে অন্যান্য সকল শ্রেণীর ছাত্রীদের দৃষ্টি আকর্ষণ করতে পারে এই ভাবে তাদের সজ্জা ও প্রচারের ব্যবস্থা করা চাই। বিদ্যালয়ের বিশেষ বিশেষ ঘোষণা, হারানপ্রাপ্তি সংবাদ প্রভৃতি দরকারি কথাও এগুলির মারফতে প্রচারিত করা চাই।

যে-সব বিদ্যালয়ে সখের সমিতি (সাহিত্য, বিজ্ঞান, শিল্পকলা, খেলাধুলা ইত্যাদি) প্রচলিত আছে সেখানে ভাষা সাহিত্যের সমিতি প্রাকাশনের ভার নিতে পারে। আবার সাহিত্য সমিতির সভ্যদের শ্রেষ্ঠ সৃষ্টি বিদ্যালয়ের পত্রিকায় স্থান পেলে সমিতির কার্যকলাপের মান ও উৎসাহ দুইই বাড়বে।

## সম্পাদক মণ্ডলী

পত্রিকায় প্রকাশিত বস্তুর অধিকাংশই ছাত্রীদের রচিত হলেও তাদের জ্ঞান, ধারণা এবং সংগঠনশক্তি এর

প্রকাশের সম্পূর্ণ ভার বহনের পক্ষে যথেষ্ট নয়। উপরন্তু পত্রিকার পাঠকপাঠিকা কেবল বিদ্যালয়ের মধ্যেই সীমাবদ্ধ থাকে না বলে, বাহিরের লোকের কাছে তাকে উপভোগ্য 'করে তোলার জন্য যথেষ্ট সুবিবেচনা, রুচি ও অভিজ্ঞতার প্রয়োজন। তাই রচনার অনুমোদন ও পত্রিকা প্রকাশের দায়িত্ব পালনের জন্য একটি সমিতির সংগঠন করতে হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা এই সমিতির সভানেত্রী ও প্রধানা সম্পাদিকা হন। তিনি শিক্ষিকাদের সহযোগিতায় প্রকাশনের নিয়মকানুন ও পদ্ধতির নির্ধারণ করেন, শিক্ষিকাদের মধ্যে তত্ত্বাবধানের দায়িত্ব বণ্টন করে দেন এবং সেগুলির পালনের দিকেও লক্ষ্য রাখেন। প্রধান সম্পাদিকার অধীনে একজন শিক্ষিকা সম্পাদিকা থাকেন। তাঁর সাংগঠনিক ও সাহিত্যিক পারদর্শিতা থাকা চাই, কেননা তাঁরই কার্যকলাপের ওপর পত্রিকার সাফল্য নির্ভর করে। সব কয়টি বিষয়শীর্ষ পূর্ণ হ'ল কিনা, সংবাদের ক্ষেত্রে নির্ভুল তথ্য ও সময় দেওয়া হ'ল কিনা, রচনাগুলির নামকরণ উপযোগী হ'ল কিনা, পত্রিকার কলেবরের সংগে বরাদ্দ অর্থের সামঞ্জস্য রইলো কিনা, প্রভৃতি সবদিকেই তাঁকে দৃষ্টি রাখতে হয়। যে বিষয়গুলি পত্রিকার অন্তর্ভুক্ত হয় তার সবগুলির ওপর সম্পাদিকার দখল না থাকতে পারে বলে' পত্রিকাসমিতিতে প্রতিটি বিষয়-শাখা ও ভাষার জন্য একজন করে, সহঃসম্পাদিকা থাকা বাঞ্ছনীয়। তাছাড়া চিত্রাদির দ্বারা পত্রিকার সৌন্দর্য-বিধান করার জন্য শৈল্পিক নৈপুণ্য যার আছে এমন একজন সহঃ সম্পাদিকা থাকার প্রয়োজন। এই সমস্ত বিষয়গুলি ভারপ্রাপ্তা শিক্ষিকারা নিপুণ ছাত্রীদের সহায়তায় করিয়ে নেন। খেলাধুলার নির্ভুল খবরের ভার থাকে ক্রীড়ানির্দেশিকার ওপর এবং একজন সহঃসম্পাদিকা সারাবৎসরের উৎসবাদির বর্ণনা দেন। শিক্ষিকা ভিন্ন প্রত্যেক বিভাগে একজন করে' ছাত্রী প্রতিনিধি থাকে, তারা শিক্ষিকাদের সুপরিচালনা ও নির্দেশে কাজ করে' অভিজ্ঞতা অর্জনের সুযোগ পায়। বিদ্যালয়পত্রিকা প্রধানত ছাত্রীদের পত্রিকা তাই এই ব্যাপারে যথাসম্ভব ছাত্রীদের সাহায্য ও মতামত গ্রহণ করা উচিত।

**ব্যয়নির্বাহ**—বিদ্যালয় পত্রিকার ও প্রকাশনের ব্যয়-নির্বাহের জন্য সাধারণত কোনো শিক্ষিকার অধীনে একটি পত্রিকাভাণ্ডার থাকে। ছাত্রীরা বার্ষিক একবার চাঁদা দিয়ে থাকে, কোনো কোনো ক্ষেত্রে প্রতি মাসেও চাঁদা তোলা হয়। ঘাট্‌তি পড়লে বিদ্যালয় তা পূর্ণ করে। প্রাচীর-পত্রের ব্যয়নির্বাহের ব্যবস্থা ছাত্রীসংঘ বা য়ুনিয়নের দ্বারা হ'তে পারে। যে-সব বিদ্যালয়ে সংঘ থাকে না সেখানে ছাত্রীরা প্রত্যেকে ব্যক্তিগত প্রচেষ্টায় রচনা ও ছবির কাগজ, মুদ্রণের ব্যয় প্রভৃতি সংগ্রহ করে থাকে।

**মূল্য**—প্রায় প্রত্যেক বিদ্যালয়ই তার সংগতি অনুযায়ী পত্রিকা প্রকাশ করে। ছাত্রিজীবনে ও শিক্ষাক্ষেত্রে এর মূল্য অনেক। বিদ্যালয়ের পত্রিকায় রচনা ইত্যাদি প্রকাশিত করে ছাত্রীরা আত্মবিস্তৃতির ও সৃষ্টির আকাংক্ষা চরিতার্থ করে। তাদের ভাষাজ্ঞান, কল্পনাশক্তি ও সৌন্দর্যবোধ বৃদ্ধি পায়। রচনার মানোন্নয়নের জন্য ও উপাদান সংগ্রহের জন্য তারা প্রচুর পরিশ্রম করে। ভ্রমণবৃত্তান্ত ইত্যাদি পত্রিকায় প্রকাশিত হয় বলে' ভ্রমণের সময়ে যথাসাধ্য পর্যবেক্ষণ ও মনে রাখার চেষ্টা তারা করে। নিজেদের নাম ছাপার অক্ষরে দেখে ছাত্রীদের কৃতিত্ব-লাভের প্রেরণা বাড়ে এবং সক্রিয় উৎসাহের ভাব দেখা দেয়। যে-সব ছাত্রীরা পত্রিকার কাজ করে তাদের মধ্যে ঘনিষ্ঠতা বাড়ে, কর্মনিষ্ঠতা ও দায়িত্বপালন সম্বন্ধে তারা সচেতন হয় এবং সর্বোপরি সাহিত্যিক ভাব ও ধারণার বিনিময় ও বিকাশ সাধিত হয়। ছাত্রীদের চারিত্রিক বৈশিষ্ট্যসমূহ তাদের রচনায় প্রকাশিত হয়, যথা কারো স্বভাবগত সরসতা পত্রিকায় হাস্যরসের পরিবেশন করায় বা কারো ভাবপ্রবণতা তাকে কাব্য-রচনায় উদ্যোগী করে। এইভাবে প্রকাশনপ্রচেষ্টায় অংশ-গ্রহণকারীদের কাজের মধ্যে থেকে তাদের সমুচ্চিত তথ্যাবলীর (C. R. C.) জন্য প্রয়োজনীয় অনেক তথ্য

শিক্ষিকারা সংগ্রহ করতে পারেন। যাদের মধ্যে উচ্চস্তরের সৃষ্টিক্ষমতা আছে তারা এই সময়ে যথেষ্ট উৎসাহ ও সাহায্য লাভ করলে, ভবিষ্যতে উৎকৃষ্ট সাহিত্য রচনা করতে পারবে।

বিদ্যালয়ের দিক থেকেও বিদ্যালয় প্রকাশনের যথেষ্ট মূল্য আছে। কয়েক বছরের বিদ্যালয়পত্রিকা থেকে বিদ্যালয়ের ধারাবাহিক ইতিহাস পাওয়া যায়। আবার বিদ্যালয়ের বাহিরের সমাজের, নূতন ছাত্রী ও তাদের অভিভাবকবর্গের চোখের সামনে বিদ্যালয়ের একটি নিখুঁৎ ও সম্পূর্ণ চিত্র ফুটিয়ে তুলতে পারে এই পত্রিকা।

শিক্ষিকা ও ছাত্রীদের সম্মিলিত প্রচেষ্টায় বিদ্যালয়ের পত্রিকা সর্বাংগসুন্দর হয়ে উঠলে সকলে সমভাবে পরম আনন্দ ও তৃপ্তি অনুভব করতে পারে এবং এই তৃপ্তি ও আনন্দের মুহূর্তের আশ্বাস সামনে রেখে সারা বৎসর সকলে একযোগে আন্তরিক চেষ্টা ও যত্ন করতে তবেই বিদ্যালয় প্রকাশনের বহুমুখী উদ্দেশ্য সফল হয়ে ওঠে।

## ছাত্রপ্রশাসন

এই অংশের আলোচনা ও বিবৃতিরচনায় অংশ গ্রহণ করেছিলেন লিলি সাহা ( লেখিকা ), অমিয়া দাস, মঞ্জু গুহরায়, নীলিমা সেন ও নীলিমা নাগ।

বর্তমানকালের অনেক শিক্ষাবিদই ছাত্রদের আত্ম-শাসন ও স্বায়ত্তশাসনের কথা বলেন এবং এই গণতান্ত্রিকতার যুগে এ-কথার মূল্যও অনস্বীকার্য। এই প্রশাসন-ভার ছাত্রদের হাতে সত্যই দেওয়া যায় কিনা, গেলে তার উদ্দেশ্য কি এবং পরিমাণ কতটা হবে, কিভাবে তার ব্যবস্থা করা যাবে ইত্যাদি বিষয়ের আলোচনা এই অংশে করা হয়েছে।

ছাত্রের সর্বাংগীন উন্নতিবিধান করে' স্বাধীন রাষ্ট্রের প্রকৃত নাগরিকরূপে গঠিত করাই শিক্ষার মূল উদ্দেশ্য। সুনাগরিকতার ভিত্তি সব রাষ্ট্রে সমান নয়, রাষ্ট্রভেদে নাগরিকতার মানও পৃথক, এক দেশের পক্ষে যা সুনাগরিকতার মাপকাঠি অন্য দেশের পক্ষে হয়তো তা নয়, সুতরাং রাষ্ট্রের পটভূমিতে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সুনাগরিকতার শিক্ষা দিতে হবে। আমাদের দেশের রাষ্ট্রনীতি গণতান্ত্রিক সমাজমংগলের ভিত্তির ওপর প্রতিষ্ঠিত বলে বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের সমাজসেবা, সমন্বয়, ঐক্য, সহযোগিতা প্রভৃতির শিক্ষা দেওয়ার প্রয়োজন। এই ভাবে একই সময়ে তাদের শাসন করতে ও শাসন মানতে শিক্ষা দেওয়া সম্ভব।

ছাত্র প্রশাসনের সুব্যবস্থার মধ্যে দিয়েই বিদ্যালয় সমূহে এই সব উদ্দেশ্য সাধিত হতে পারে বলে তার উদ্দেশ্য, প্রকৃতি, পদ্ধতি ইত্যাদির বিশ্লেষণ আবশ্যক।

ছাত্র প্রশাসনের গণতান্ত্রিক ব্যবস্থাপনার নিম্নলিখিত উদ্দেশ্যাবলির উল্লেখ করা যায়—

১। চিরাচরিত প্রথানুসারে বিদ্যালয়ে নানাবিধ শাসন ও বিধিনিষেধের বন্ধনের ভেতর ছাত্রদের শিক্ষালাভ করতে হয় এবং প্রত্যেকটি নির্দেশ সাধারণত বিদ্যালয়ের প্রধানই দান করেন। এতে তারা আজ্ঞা পালনে অভ্যস্ত হয়, তাদের সর্বপ্রকার মানসিক গুণের প্রস্ফুটন হয় না ও গণতান্ত্রিক দেশের স্বাধীন নাগরিক হওয়ার প্রকৃত শিক্ষার অভাব ঘটে। সেই অভাব দূর করার জন্য বিদ্যালয়ের ছাত্রপ্রশাসনের ব্যবস্থার প্রবর্তন করা যেতে পারে।

২। আত্মশাসনের দ্বারা ছাত্ররা নিজেই পাঠ্য বহির্ভূত বিষয় সমূহের শিক্ষার ব্যবস্থা করে এবং তাতে তাদের উদ্ভাবনী শক্তি, মৌলিক চিন্তাক্ষমতা প্রভৃতি গুণের বিকাশ হয় ও কর্মে অনুরাগ ও উদ্দীপনা আসে।

৩। পারস্পরিক সহায়তায় কাজ করার ফলে ছাত্রদের মধ্যে একতা, সহযোগিতা, নেতৃত্ব প্রভৃতি গুণাবলির বিকাশ হয়।

৪। বিদ্যালয়ের সুনাম ও গৌরববৃদ্ধির প্রতি

তাদের লক্ষ্য থাকে, বিদ্যালয়ের প্রতি দায়িত্ববোধ ও অনুরাগ বৃদ্ধি পায়।

এমন প্রয়োজনীয় ছাত্রশাসনব্যবস্থার প্রবর্তন ও পরিচালনা অতি সাবধানতার সংগে করতে হবে। প্রথমত নাম, উদ্দেশ্য, শক্তি, সভ্যতা, নির্বাচন, বৈঠক, কর্তব্য সংশোধনের উপায়, আর্থিক ব্যবস্থা প্রভৃতির পূর্ণ বিবরণ সম্পর্কিত একটি গঠনতন্ত্রের রচনা করে' সমস্ত গুরু ও ছাত্র সমাজের অনুমোদিত করে' নিতে হবে। তারপর উক্ত গঠনতন্ত্রের নিয়মানুযায়ী ছাত্রপ্রশাসন সমিতি গঠিত ও পরিচালিত হবে।

বিদ্যালয়ের মতো একটি বিরাট গুরুত্বসম্পন্ন প্রতিষ্ঠানের সম্পূর্ণ তো নয়ই এমনকি আংশিক ভার গ্রহণের উপযোগী ক্ষমতা, নৈপুণ্য ও অভিজ্ঞতা তরুণ ছাত্রসমাজের মধ্যে সম্ভবেনা বলে' প্রধান শিক্ষকের কর্তৃক প্রদত্ত দায়িত্ববহনের দ্বারাই ছাত্রপ্রশাসনের কাজের সূত্রপাত হবে। পরিচালনার কোন্ কোন্ অংশের ভার ছাত্রদের ওপর ন্যস্ত হবে সেকথা প্রধান শিক্ষক অন্যান্য শিক্ষকদের সংগে আলোচনার দ্বারা স্থির ক'রে দেবেন।

এই গুরুদায়িত্বকে সহজ ক'রে নেওয়ার জন্য কাজগুলি কয়েকটি বিভাগে বিভক্ত হবে এবং ছাত্রগণ প্রত্যেক বিভাগের ভারপ্রাপ্ত সভ্যদের নির্বাচিত করবে। প্রত্যেক বিভাগের কাজে সাহায্য করার জন্য তার সংগে একজন ক'রে শিক্ষকও সংশ্লিষ্ট থাকবেন।

এই প্রশাসনব্যবস্থায় প্রধান শিক্ষকদের দায়িত্ব অত্যন্ত বেশি। তিনি এই সমিতির সভাপতি থাকবেন এবং কাজের ভার অধিক মনে করলে শিক্ষকদের মধ্যে একজনকে সহঃ সভাপতিরূপে গ্রহণ করতে পারবেন। এঁদের দুজনকেই ছাত্রদের সংগে সম্পূর্ণ সহযোগিতায় কাজের পরিচালনা করতে হবে।

বিভিন্ন বিদ্যালয়ের প্রয়োজন মতো ছাত্রপ্রশাসন-সমিতির কাজের মধ্যে নিম্নলিখিত বিভাগগুলি থাকতে পারে—

১। স্বাস্থ্যবিভাগ—ছাত্রদের পরিচ্ছন্নতা, শ্রেণীকক্ষ, অন্যান্য গৃহ এবং প্রস্রাব ও কলঘরের পরিস্রুতির দিকে এই বিভাগ লক্ষ্য রাখবে। ফিনাইল, ব্লিচিং পাউডার, গন্ধ দূরীকরণের ঔষধ প্রভৃতির ব্যবস্থাদ্বারা আবহাওয়ার মিষ্টতা ও সুস্থতা বজায় রাখার চেষ্টা এরা করবে এবং টিফিন ও জলের সুবন্দোবস্তের দিকে লক্ষ্য রাখবে।

২। প্রকাশনবিভাগ—বিদ্যালয়পত্রিকা, দেওয়াল-পত্রিকা, দেওয়ালপঞ্জী প্রভৃতির ভার এই বিভাগের ওপর থাকবে।

৩। উৎসব বিভাগ—এই বিভাগ বিদ্যালয়ে অনুষ্ঠিত উৎসবগুলির পরিচালনা করবে।

৪। ভ্রমণ বিভাগ—ভ্রমণব্যবস্থার ভার এর ওপর ন্যস্ত হবে।

৫। বিচার বিভাগ—কোনো ছাত্র অন্যায় করলে এই বিভাগ বিচারের ভার গ্রহণ করবে। তবে অন্যায়ের স্তরভেদে প্রধান ও গুরুতর কয়েকটি বিষয়ের ভার প্রধান শিক্ষক নিজের অধীনে রাখবেন। গুরু অন্যায়ের বিচারের উপযোগী বুদ্ধি ও সামর্থ্য অপ্রাপ্তবয়স্ক ছাত্রদের না থাকাই সম্ভব, অপরপক্ষে কোনো কোনো প্রকার অপরাধের বিচার সর্বসমক্ষে না হওয়াই বাঞ্ছনীয়।

৬। অর্থবিভাগ—প্রয়োজনীয় অর্থ সংগ্রহ ও বণ্টনের ব্যবস্থা এই বিভাগ করবে। নাটকাভিনয়, পত্রিকাবিক্রয়, প্রদর্শনীর ব্যবস্থা, চাঁদা আদায় প্রভৃতি বিভিন্ন উপায়ে অর্থের সংস্থান হ'তে পারবে।

৭। ক্রীড়াবিভাগ—বিভিন্নপ্রকারের খেলাধুলা, আমোদপ্রমোদ ও উৎসবাদির ভার এই বিভাগের ওপর ন্যস্ত থাকবে।

৮। বিবিধবিভাগ—যে সমস্ত কাজ উপরি-উক্ত কোনো বিভাগের আওতায় পড়েনা সেগুলি এই বিভাগের অন্তর্গত হবে। প্রধান শিক্ষক অন্যান্য শিক্ষক ও ছাত্রীদের সহায়তায় বিষয়গুলি নির্ধারিত করে দেবেন।

প্রত্যেক বিভাগের কার্যক্রম বিভাগীয় আলোচনার

দ্বারা ধার্য করা হবে, কাজের পদ্ধতিও সেইভাবেই নির্ধারিত হবে এবং সম্পাদনের ভার প্রত্যেক বিভাগ দায়িত্বের সংগে গ্রহণ করবে। শিক্ষকেরা কেবল পরামর্শ-দাতা ও সহায়করূপে এগুলির সংগে জড়িত থাকবেন।

## সমাজ সেবা

এই বিভাগের আলোচনা ও বিবৃতিরচনা করেছিলেন—প্রতিমা কুণ্ডু (লেখিকা), ছবি রায়, বাণী চক্রবর্তী, মাধুরী সোম, প্রতিমা ভৌমিক ও ময়না চক্রবর্তী।

মানুষ মিলনধর্মী। প্রত্যেকের কল্যাণে সমাজের কল্যাণ ও সমাজের কল্যাণে প্রত্যেকের কল্যাণ—এই অনুভূতির মাধ্যমে মানুষের মধ্যে আত্মীয়তাবোধ জেগে ওঠে এবং এই সহযোগিতার ভাব থেকে সমাজসেবার দায়িত্ববোধ জন্মায়। কৈশোরে মন যখন তারুণ্যে কোমল থাকে, সংসারের ঘাতপ্রতিঘাত স্বার্থপর ক'রে তোলেনা, এমনই বিভিন্ন প্রকার সেবামূলক কাজের মাধ্যমে ছাত্র-ছাত্রীর মনে সেবার অনুপ্রেরণা জাগাতে হয়।

মানুষ সামাজিক জীব। শিক্ষাপ্রাপ্ত ছাত্র সমাজের মধ্যেই প্রতিষ্ঠিত হবে। কাজেই তার শিক্ষার বিভিন্ন শাখার সংগে সমাজের যত গভীর যোগ থাকবে শিক্ষা তত সার্থক, তত জীবনোপযোগী হয়ে উঠবে। এতে আত্ম-বিশ্বাস ও নাগরিক যোগ্যতা বৃদ্ধি পাবে।

এই দরিদ্রদেশে সমাজসেবার কাজের মধ্যে দুঃস্থের সেবা প্রধান এবং বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রথম সেবার কাজ দুঃস্থ সহপাঠীদের সাহায্য করা। বিদ্যালয়ের অনেক ছাত্রী অর্থাভাবে বই কিনতে পারে না আর অনেকে পুরানো বই অনাদরে নষ্ট করে। বছরের প্রথমে ওই পরিত্যক্ত পাঠ্যপুস্তকগুলি সংগ্রহ করে' অভাবগ্রস্ত পরি-বারের ছেলেমেয়েদের মধ্যে বিতরণ করলে প্রচুর উপকার হয়। চন্দননগরে কৃষ্ণভামিনী নারীশিক্ষামন্দিরে এইরূপ ব্যবস্থা আছে। এ-ছাড়া পুরোণো পোষাক সংগ্রহ করে' ও নূতন পোষাক কিনে, যে-সব দরিদ্র ছাত্রছাত্রীরা বিনাবেতনে বা অর্ধবেতনে পড়বার সুযোগ পায়নি তাদের বেতনের ব্যবস্থা করে' প্রভৃতি নানাভাবে সাহায্য করতে পারা যায়। এই কাজে যারা অংশগ্রহণ করবে তাদের সাবধানে, গোপনে, গ্রহীতার সম্মান রক্ষা করে' সাহায্য করতে হবে।

সাহায্যমূলক কাজের জন্য সাধারণত প্রত্যেক বিদ্যালয়ে একটি দরিদ্রভাণ্ডার থাকে। দানে সমর্থ প্রতি ছাত্রের কাছে মাসিক বেতনের সংগে সামান্য অতিরিক্ত কিছু আদায় করা হ'লে সহজেই এই ভাণ্ডারের ভিত্তি স্থাপিত হয়। এই ভাবে সংগৃহীত ভাণ্ডারে অর্থের পরিমাণ যথেষ্ট না হ'লে আরো বিভিন্ন উপায়ে অর্থসংগ্রহ করা যেতে পারে, যথা—ছাত্রছাত্রীদের অনুষ্ঠিত বিচিত্রা, অভিনয় ইত্যাদিতে প্রবেশ মূল্য ধার্য করা, বিদ্যালয়ের প্রদর্শনীতে তাদের হাতের সেলাই, খেলনা, পুতুল, খাদ্যদ্রব্য প্রভৃতি বিক্রয় করা, সমবায়সমিতি গঠন করে' ছাত্রদের নিত্যব্যবহার্য খাতা, পেন্সিল, কাগজ প্রভৃতি জিনিষের বিক্রয়ের লাভ ও গৃহবিজ্ঞান-বিভাগের পক্ষ থেকে বিদ্যালয়ে টিফিনের ভার নিয়ে বিক্রয়ের লাভ দান করা প্রভৃতি। বুনিয়াদি বিদ্যালয়ে উৎপন্ন সব্জির ব্যবহারে ছাত্রদের জন্য সুলভে টিফিন করা, সব্জিগুলি পালাক্রমে তাদের বাড়িতে দেওয়া অথবা বিক্রয়লব্ধ অর্থ ভাণ্ডারে দেওয়া যায়। বিভিন্ন পূজা ও উৎসবের আড়ম্বর কমিয়ে উদ্বৃত্ত অর্থ সেবার কাজে লাগানো যায়।

সহপাঠীদের সাহায্যের পর প্রতিবেশী ও সাধারণ ভাবে সমাজের দুঃস্থদের সাহায্য। বিদ্যালয়ে প্রত্যক্ষ ভাবে সমাজসেবার ব্যবস্থা করে' বা কোনো সেবা-প্রতিষ্ঠানের মাধ্যমে এই কাজ করা যায়। বিদ্যালয়ের গৃহনির্মাণ বা গ্রন্থাগারের জন্য অর্থসংগ্রহের দায়িত্বকেও অনেকে সমাজসেবার অংগীভূত বলেন। এর সংগে

বিদ্যালয়ের পরিবেশকে পরিস্ফুট ও সুন্দর রাখার দায়িত্বও ছাত্রছাত্রীদের গ্রহণীয়।

জনকল্যাণসংঘের মধ্যে এন-সি-সি, গার্লগাইড, বয়স্কাউট, মণিমেলা, ব্রতচারী প্রভৃতির সভ্য হয়ে ছাত্র-ছাত্রীরা সেবার কাজ করতে পারে। পূজা বা বিশেষ বিশেষ দিবসের পালনের সময়ে তারা দরিদ্রের মধ্যে ফলমূল, জামাকাপড় ইত্যাদি বিতরণ করতে পারে। বিদ্যালয়ে কাঙালী ভোজনের ব্যবস্থাও করা হয়। পুরোন কাপড় সংগ্রহ করে' পরিষ্কৃত ও মেরামত করে এবং ঔষধ সংগ্রহ করে' সাধারণভাবে দুঃস্থদের ও ঘটনা-বিশেষে বন্যা, দুর্ভিক্ষ প্রভৃতির দ্বারা পীড়িত ব্যক্তিদের সহায়তা করতে পারে। রেডক্রসের সেবাকেন্দ্র বা হাসপাতালে গিয়ে ছাত্রছাত্রীরা আর্তের সেবা ও তাদের আনন্দদানের কাজে সাহায্য করতে পারে, অবশ্য এরা যাতে সংক্রামক রোগের বিষয়ে সাবধানতা অবলম্বন করে সেদিকে ভারপ্রাপ্ত শিক্ষকদের দৃষ্টি রাখতে হবে।

কেবল দরিদ্রসেবা নয়, শিক্ষাসংস্কৃতিক দিকদিয়েও ছাত্রসমাজের দেশের প্রতি প্রচুর করণীয় আছে। এদেশের অধিকাংশ লোকই অশিক্ষিত, তাই দীর্ঘ গ্রীষ্মাবকাশের অপচয় না করে' নিরক্ষর প্রতিবেশী বা নিকটবর্তী গ্রামাঞ্চলে অভিযান করে' সেখানে নিরক্ষর অধিবাসীদের কিছু কিছু লেখাপড়া, শেখানো হয়। স্কুলের সময়েও সপ্তাহে বা মাসে একদিন প্রতিবেশী বা নিকটস্থ গ্রামের অধিবাসীদের লেখাপড়া স্বাস্থ্যরক্ষা বা গৃহস্থালীর নানা সদুপায়ের শিক্ষা দেওয়া যায়। বিদ্যালয়ে স্থায়ী নৈশবিদ্যা-লয় স্থাপিত রাখা যায়। পুরাতন পুস্তক সংগ্রহ করে' গ্রন্থাগার স্থাপন বা স্থাপিত গ্রন্থাগারের উন্নয়ন করা যায়।

বাংলার সরকারি উন্নয়নব্যবস্থাসমূহের সংগে যোগ রেখে ছাত্রসমাজের কাজগুলি পরিচালিত করা যায়। ছাত্রীরা গ্রামসেবিকাদের কাজে সহযোগিতা করতে পারে। ছাত্রেরা সমাজোন্নয়নের কাজে যোগ দিতে পারে।

ছাত্রছাত্রীরা সি-আর-টি প্রভৃতি প্রতিষ্ঠানের সংগে যুক্ত হয়ে দেশের সাংস্কৃতিক ধারায় অংশগ্রহণ করতে পারে। তাতে জনসাধারণের মধ্যে আনন্দবিতরণের সংগে তাদের নিজেদেরও কলাকুশলতার শিক্ষা লাভ হয়। বিদ্যালয়ের উৎসবাদির পালনের সময়ে সমাজের সকলকে আহ্বান করে' বা নিকটস্থ গ্রাম্যসমাজের মধ্যে গিয়ে উৎসবের উদ্‌যাপন করে' সাধারণের সাংস্কৃতিক জীবনে অংশগ্রহণ করা যায়।

"শ্রমদান" সমাজসেবার একটি প্রধান কথা। ওপরের প্রতিটি কাজেই প্রচুর সময় ও শ্রমদান করা হয়ে থাকে। তাছাড়া গঠনমূলক জাতীয় কাজের মধ্যে দিয়ে শ্রমদান সম্ভব। ছাত্রদল সরাসরি অথবা এন-সি-সি প্রভৃতি দলের সংগে যোগ দিয়ে গ্রামের পথঘাট সমাজকেন্দ্রগৃহ প্রভৃতি নির্মাণে সহায়তা করতে পারে। কোনো কোনো ক্ষেত্রে এদের অপটু হাতের কাজ আবার নূতন করে' 'করে' নিতে হয়েছে, কিন্তু তাদের ক্ষমতার অধীন কাজ সাবধানতার সংগে বেছে দিলে এই সমস্যা এড়িয়ে সমাজের সংগে মিলন ঘটানো যায়। সম্প্রতি ভারতের বাইরে থেকে বিদেশি ছাত্রদল এসে ভারতীয় ছাত্রদের সংগে মিলিত হয়ে অনুরূপ কাজ করেছে। এতে সেবার সংগে আন্তর্জাতিক ক্ষেত্রে ছাত্রসমাজের ঐক্যোপ-লব্ধিও ঘটে থাকে।

আজকের ছাত্র কালকের নাগরিক। আজকের অর্জিত বোধ, নৈপুণ্য, রুচি, প্রবৃত্তি, অভ্যাস ও প্রেরণা তাদের কালকের কর্মক্ষেত্রে প্রযুক্ত হবে, তাই সমাজের সংগে যোগসাধনের ও সামাজিক দায়িত্বপালনের কাজগুলি গ্রহণ করা ছাত্রসমাজের পক্ষে অধ্যয়নের মতোই অবশ্য কর্তব্য।

## বাংলা-পড়ানো

বিদ্যালয়ের পাঠ্যবিষয়ের মধ্যে কি-ভাবে নানা কাজের অবতারণা করা যায় সেই পর্যায়ে বাংলা পড়ানোর বিষয়ে আলোচনা করেন—নীলিমা সেনগুপ্ত, বেলা ব্যানার্জি, করুণা ভট্টাচার্য, সুধা রায়, অমিয়া দাস, ইলা সেনগুপ্ত ও মাধুরী সোম।

বিদ্যালয়ে বাংলা পড়ানোর সম্বন্ধে শিক্ষিকাদের সামনে যে-সমস্ত সমস্যার উদ্ভব হয় দুঃখের বিষয় আজ পর্যন্ত সেগুলি নিয়ে যথেষ্ট গবেষণা করা হয়নি। শিক্ষকশিক্ষণের সময়ে পাঠ্যবিষয়কে শ্রেণীতে চিত্তাকর্ষক করে তোলার জন্য বহু পদ্ধতির শিক্ষা দেওয়া হয়। কিন্তু বিদ্যালয়ের কর্মক্ষেত্রে প্রয়োগের সময়ে অনেক শিক্ষিকা সেগুলির সম্যক উপলব্ধির অভাবহেতু দিশাহারা হয়ে পড়েন। শিক্ষণশিক্ষালয়ে আরও অনেক পদ্ধতিকেই মাতৃভাষাক্ষেত্রে অপ্রযোজ্য ব'লে মনে হয়। বর্তমান আলোচনায় এমন কয়েকটি পদ্ধতির বর্ণনা দেওয়া হয়েছে যেগুলিকে আলোচনাকারিণীরা মাতৃভাষার শিক্ষাক্ষেত্রে প্রযোজ্য ব'লে মনে করেন।

প্রথমত, ইতিহাস, ভূগোল, বিজ্ঞান প্রভৃতির ক্ষেত্রে পরীক্ষামূলক আলোচনা ও গবেষণার যে-সব পদ্ধতির ব্যবহার হয় তার থেকে কার্যকরভাবে বাংলার আলোচনার কিছু কিছু উপায় গ্রহণ করা যেতে পারে। ইতিহাস-ভূগোল-বিজ্ঞানের মতো বাংলাসাহিত্যে প্রসিদ্ধ স্থানে ভ্রমণ করা যায় এবং বিদ্যালয়ে প্রচলিত পাঠ্যসহায়ক ও পাঠ্যবহির্ভূত কার্যক্রম ও সমিতির সহযোগিতায় বাংলার পঠনপাঠনকে চিত্তাকর্ষক ক'রে তোলা যায়।

দ্বিতীয়ত, নাটকাভিনয় সাহিত্যানুরাগ, সাহিত্যবোধ ও সাহিত্যের মাধ্যমে আত্মপ্রকাশ ও বিকাশের একটি প্রধান উপায়। শ্রেষ্ঠ সাহিত্যিকের উপযোগী নাটক ভিন্ন স্বরচিত নাটকেরও অভিনয় ছাত্রীরা করতে পারে। তাছাড়া অবৃত্তি, সরব পঠন, অনুভবমূলক পাঠ প্রভৃতির দ্বারাও ছাত্রদের বাংলা সাহিত্যের প্রতি আকৃষ্ট করা যেতে পারে।

বিভিন্ন সাহিত্যপ্রসিদ্ধ স্থানে ভ্রমণে ছাত্রদের ধারণা স্পষ্ট হয়, উপযোগী মানসিক পটভূমি গড়ে ওঠে আর বিভিন্ন কবি, নাট্যকার, গল্পকার, ঔপন্যাসিক প্রভৃতির রচনার অভিনয়, পাঠ, আলোচনা ইত্যাদির দ্বারা ছাত্রছাত্রীর বোধ গভীর হয় ও মনে আগ্রহের সৃষ্টি হয়।

তৃতীয়ত, সাহিত্য-সংক্রান্ত অনেক কাজ ছাত্রেরা শ্রেণীর কাজের সংগে সংগেই করতে পারে। লেখকদের ছবি, তাঁদের উদ্ধৃতি, রচনা, জীবনকাহিনী প্রভৃতি সংগ্রহ করে তারা সচিত্র চয়নপুস্তক প্রস্তুত করতে পারে। বহু লেখকের রচনা একত্র সংগৃহীত থাকলে ছাত্রীদের সাহিত্যের তুলনামূলক উৎকর্ষ ও বৈশিষ্ট্যবোধ, ঐতিহাসিকতার জ্ঞান ও রূপরস সম্বন্ধে সাধারণ জ্ঞান বৃদ্ধি হয়। জীবিত সাহিত্যিকেরা বিদ্যালয়ের সাহিত্য সভায় আহূত হয়ে এলে তাঁদের সৃষ্ট সাহিত্য জীবন্ত হয়ে ওঠে।

বাংলা পড়ানোর আরেকটি প্রধান বিপদ তার ব্যাকরণ। এই বিষয়ে ছাত্রদের যেন একটি স্বাভাবিক ভীতি দেখা যায়। শিক্ষিকা উপযোগী বিশ্লেষণদ্বারা এই ভীতির কারণ আবিষ্কার ক'রে বিশেষ চেষ্টায় তার নিরাকরণ করবেন। রঙিন খড়ি, চিত্র ও অন্যান্য প্রদীপনের সাহায্যে এবং আরোহপদ্ধতি ও সক্রিয়তার প্রবর্তনের দ্বারা হয়তো এই ভীতি দূর করা সম্ভব হবে। ছাত্রদের রচনার ভাষা বিশুদ্ধ করার জন্য তাদের সাহিত্যিক উৎকর্ষলাভে উৎসাহিত করতে হবে, নানা বিষয়ের বই পড়ে ভাষার অভিজ্ঞতাকে ব্যাপক করে তুলতে হবে।

আলোচনাকারিণীদের দৃঢ় বিশ্বাস যে উপরি উক্ত নানা চেষ্টার দ্বারা বাংলা পড়ানোর মধ্যে রস ও আগ্রহের

সঞ্চার সম্ভব কিন্তু তবু তাঁরা স্বীকার করেন যে পাঠ্য-পুস্তকের এমন কতকগুলি বিষয় আছে সেগুলিকে চিত্তা-কর্ষক করার কোনো উপায় তাঁরা ভেবে পাননি। তাঁদের মতে এইসব অংশগুলির পাঠে কোনো উপকারিতাও নেই এবং সামান্যভাবে নিছক পাঠ করিয়েই ছাত্রদের এগুলির হাত থেকে রেহাই দেওয়া উচিত।

সব ক্ষেত্রেই শিক্ষকেরা নিজ নিজ শ্রেণীর উদ্দেশ্য, প্রয়োজন ও অভিরুচি বুঝে নিয়ে কাজ করবেন, কেবল দেখবেন যে বিভিন্ন বিষয়কে একই উপায়ে চিত্তাকর্ষক করার চেষ্টা না হয়। কারণ তাহলে অবলম্বিত উপায়-গুলি একঘেয়ে হয়ে যেতে পারে। তাঁরা মনে রাখবেন তরুণ ছাত্রদলের চিত্তাকর্ষণের জন্য বিষয় ও উপায় বৈচিত্র্যের নিতান্ত প্রয়োজন। আবার এও মনে রাখতে হবে যে সব সময়ে ছাত্রদের কার্যক্রমের মধ্যে ডুবিয়ে না রেখে অধ্যয়ন-অধ্যাপনার সনাতন ব্যবস্থাও মাঝে মাঝে অবলম্বনীয়।

## বাংলা পড়ানোর উন্নয়নোর দুইটি পরিকল্পনা

**সমস্যা**—শ্রেণী কক্ষে মনোযোগিতার অভাব, পড়া তৈয়ারি না করা।

**অনুমিত কারণ**—বক্তৃতার পদ্ধতিতে পাঠদানের ফলে পাঠে আকর্ষণের অভাব ও ছাত্রীদের স্বচেষ্টার দায়িত্ব দানের অভাবে তাদের মধ্যে দায়িত্বজ্ঞানের অপরিণতি।

**অনুমিত সমাধান**—নানাপ্রকার কার্যকলাপের দ্বারা ছাত্রীদের সক্রিয় করতে হবে এবং পাঠ্যক্রমের কোন অংশ কি ভাবে শিক্ষা দিলে তাদের পক্ষে চিত্তাকর্ষক হবে তা শিক্ষিকাকে চিন্তা করে ঠিক করে নিতে হবে যথা—

১। আবৃত্তির উপযোগী অংশের আবৃত্তি ও অভিনয়োপযোগী অংশের অভিনয় করে' ছাত্রীরা সাহিত্য শিক্ষার সংগে আত্মপ্রকাশ ও আত্মপ্রসারের সুযোগ পাবে। সাহিত্যের কোন উপযুক্ত অংশ নিয়ে নাটক রচনা করে ছাত্রীরা স্বরচিত নাটকের অভিনয় করবে।

২। বর্ণনামূলক কাব্য ও সাহিত্যের জন্য ছবি ও চার্টের ব্যবহার করতে হবে। ছাত্রীদের চিত্রাদি সংগ্রহের দ্বারা চার্ট তৈরি করতে দিলে তারা আরো আগ্রহান্বিত হবে।

৩। আলোচনা ও বিতর্কের মধ্যে দিয়ে ছাত্রীদের সাহিত্য সমালোচনায় আগ্রহান্বিত করা যাবে।

৪। পাঠ্যক্রমের উল্লিখিত বিষয় বা সাহিত্যিকের সংগে সম্পর্কিত কোনো নিকটবর্তী স্থানে ভ্রমণ বা বিদ্যালয়ের উৎসবাদি উপলক্ষ্যে কোনো সাহিত্যিকদের আহ্বান করলে সাহিত্যপাঠ সজীব হয়ে উঠবে।

৫। সমস্ত রচনার পাঠ অভিজ্ঞতার ভিত্তিতে দেওয়া হবে এবং সমস্ত ব্যাকরণের পাঠ পঠিত বিষয়ের উদাহরণ দ্বারা আরোহপদ্ধতিতে দেওয়া হবে। ছাত্রীরা চার্ট তৈরি করবে।

**কাজের পরিকল্পনা**—১। প্রতিদিনকার পাঠের মধ্যে ছাত্রীদের পঠিত বিষয়ের অবলম্বনে তর্ক সমালোচনা ও মত প্রকাশের যথেষ্ট সুযোগ দেওয়ার চেষ্টা করতে হবে।

২। শ্রেণীর দেওয়ালপত্রী ও হাতে লেখা পত্রিকা প্রকাশের দ্বারা ছাত্রীদের রচনা ও সাহিত্যালোচনার নৈপুণ্য ও উৎসাহ বাড়িয়ে তুলতে পারে।

৩। সপ্তাহে একদিন করে সভার আয়োজন হবে, যখন ছাত্রীরা আলোচনা ও বিতর্ক ছাড়া স্বরচিত প্রবন্ধ কবিতা গল্প ইত্যাদি পাঠ করবে। এই সভায় মাঝে মাঝে শ্রেষ্ঠ সাহিত্যের পাঠের বৈঠক হবে ও মাঝে মাঝে ছাত্রীর তৈরি চার্ট অংকিত ও সংগৃহীত ছবি, সাহিত্যিক সঞ্চয়ন প্রভৃতির প্রদর্শনী হবে।

৪। বিশিষ্ট কবি ও সাহিত্যিকের জন্ম দিবসের উদ্‌যাপনদ্বারা সাহিত্য শিল্প ও সাহিত্যিক ভাষণ শোনার দিকে আকৃষ্ট হবে।

৫। জাতীয় দিবস, ঋতু উৎসব প্রভৃতি উপলক্ষ্যে বিষয়োপযোগী গান ও সাহিত্যের সংগ্রহ করবে।

**মূল্যায়ন**—পরিকল্পনাটি প্রথম সপ্তম শ্রেণীর একটি শাখায় গৃহীত হবে এবং নিম্নলিখিত বিষয়গুলির দ্বারা তুলনামূলক ভাবে পরিকল্পনার সাফল্য বা অসাফল্য বিচার করা হবে—

১। এই শাখার ছাত্রীরা শ্রেণীতে বেশি আগ্রহ প্রকাশ ও বেশি কাজ করছে কিনা।

২। বিদ্যালয়ের সহপাঠ্য, পাঠ্যবহির্ভূত বিষয়ে উৎসবাদি উপলক্ষ্যে বেশি নৈপুণ্য ও আগ্রহ দেখাচ্ছে কিনা।

৩। বিদ্যালয়ে গৃহীত বিভিন্ন পরীক্ষায় বাংলায় এদের ফল বেশি ভাল হচ্ছে কিনা।

**দ্রষ্টব্য**—ওপরের প্রত্যেকটি ক্ষেত্রেই এই মূল্যায়ন এই ছাত্রীদের আগের অবস্থার তুলনার দ্বারা করা হবে অন্য শাখার উৎকৃষ্ট বা অপকৃষ্ট ছাত্রীদের সংগে তুলনার প্রয়োজন নেই।

মাধুরী সোম
বেলঘরিয়া মহাকালী বালিকাবিদ্যালয়

## দ্বিতীয়

**সমস্যা**—ছাত্রীরা বিশুদ্ধভাবে বংলা ভাষা লিখতে পারে না। বানান ব্যাকরণ প্রভৃতির ভুল ভিন্নও ভাষাগঠনের ভুল ঘটে। গঠনের ভুল বহু প্রকারের ঘটতে পারে কিন্তু শিক্ষিকা প্রথমে একটি মাত্র ভুল নিয়ে পরীক্ষামূলক পরিকল্পনা গ্রহণ করবেন এবং তাতে আশাপ্রদ ফললাভ করলে পরে অন্যান্য প্রকারের ভুল দূর করার জন্যও অনুরূপ পরিকল্পনা গ্রহণ করতে পারবেন।

বর্তমানের আলোচ্য ভুলটি হল—মেয়েদের লিখিত রচনায় সাধু ও চলিত ভাষার মিশ্রণ।

**বিশ্লেষণ**—সাধু ও চলিত ভাষার মিশ্রণ বিভিন্ন প্রকারে নিম্নলিখিত ভাবে হতে পারে—

১। ক্রিয়াপদঘটিত—যাবেন-করবেন এবং যাইবেন করিবেন ইত্যাদি।

২। সর্বনাম ঘটিত—তার তাহার ইত্যাদি।

৩। শব্দচয়ণ ঘটিত—শব পোড়া-মড়াদাহ ইত্যাদি

৪। রীতি ঘটিত—"পতাকা উড্ডীয়মান হইতে হইতে ধপ করে পড়ে গেল" ইত্যাদি।

**সম্ভাব্য কারণ**—ছাত্রীদের পাঠ্যপুস্তকে উভয় প্রকারের ভাষার রচনা থাকার ফলে বিভ্রম ঘটে।

অনেক সময়ে পাঠ্যপুস্তকের মধ্যেই ভুল থাকে।

ছাত্রীরা ভেবে রচনা লেখেনা মুখস্থ করে লেখে বলে অনবধানবশত ভুল করে।

তারা সুন্দর রচনারীতির অভ্যাস করার বিষয় আগ্রহান্বিত নয়। ভ্রমসংশোধনের সময়ে শিক্ষিকারা এই ধরণের ভুলগুলি বিশ্লেষণ করে দেখিয়ে দেননা।

রচনা শেখাবার সময়ে তাঁরা সাধু ও চলিতভাষার পার্থক্যগুলির প্রতি দৃষ্টি আকর্ষণ করেন না।

বাইরের সাহিত্যপুস্তক পাঠ ও বিশ্লেষণ করায় ছাত্রীদের আগ্রহ নেই।

বিভিন্ন আঞ্চলিক প্রকাশভংগীর প্রভাবে তারা বিপর্যস্ত হয়।

### সমাধানের অনুমান

বিভিন্ন কার্যকলাপের মধ্য দিয়ে ছাত্রীদের সাহিত্য পাঠে ও রচনায় উৎসাহিত করতে হবে।

রচনার সংশোধন ও সাহিত্যালোচনার সময়ে বিভিন্ন ভাষাভংগীর প্রতি দৃষ্টি আকর্ষণ করাতে হবে।

বিভিন্ন ভাষাভংগীর অভ্যাসমূলক রচনা ও আলোচনা করাতে হবে।

ছাত্রীদের উৎসাহিত করার জন্য নির্ভুল রচনা উৎকর্ষ বিচারে ক্লাশে পড়ে শোনাতে ও প্রাচীরপত্রে বা বিদ্যালয়ের পত্রিকায় প্রকাশিত করতে হবে।

**পরিকল্পনা**—যদিও এই প্রকারের ভুল সব শ্রেণীতেই দেখতে পাওয়া যায় তবু অনতিবিলম্বে ষষ্ঠ অথবা সপ্তম শ্রেণীর একটি শাখায় এই পরীক্ষা গৃহীত হবে। বাংলার জন্য প্রতি সপ্তাহে চার পাঁচঘণ্টা সময় দেওয়া

হয়,—শিক্ষিকা একটি শ্রেণীর একটি শাখার সম্পূর্ণ ভার নিজে গ্রহণ করে উপরিউক্ত পদ্ধতির অবলম্বনে শ্রেণীর গদ্যপদ্য, রচনা ও ব্যাকরণ সবই পড়াবেন। তিনি অন্যান্য বিষয়ের শিক্ষিকাদেরও সহযোগিতা প্রার্থনা করবেন, তাঁরা কেন তাঁদের বিষয়ে লেখার সময়ে ছাত্রীরা এই ধরণের ভুল করবে তৎক্ষণাৎ দৃষ্টি আকর্ষণ করে' সংশোধন করে' দেন। উপরন্তু তিনি বিদ্যালয়ের সাহিত্যসমিতিতে ও অন্যান্য সাহিত্যিক কাজে যোগ দেওয়ার জন্য ছাত্রীদের উৎসাহিত করবেন।

**মূল্যায়ন**—শিক্ষিকা নিম্নলিখিত বিষয়গুলির পর্যবেক্ষণ করে' নিজের কাজের ফলের বিচার করবেন—

১। ছাত্রীরা আগের থেকে উৎসাহের সংগে ভাষার বিশুদ্ধতার দিকে দৃষ্টি রাখছে কিনা।

২। শ্রেণীর রচনামূলক কাজে এবং বিভিন্ন পরীক্ষায় এদের এই ধরণের ভুল কমেছে কিনা।

৩। এরূপ উন্নতি যদি হয়ে থাকে তো ক'জনের কতখানি হয়েছে।

৪। অন্যান্য শ্রেণীর অনুপাতে এদের অবস্থা সমান আছে না অগ্রসর হয়েছে।

সুধারায় ও নিরুপমা বসু
বেলতলা বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়

## ভূগোল পড়ানো

মাধ্যমিক বিদ্যালয়ে ভূগোল পড়ানোকে ছাত্রীদের কাছে সহজগ্রাহ্য ও চিত্তাকর্ষক করে' তোলার জন্য কি কি কার্যক্রম গ্রহণ করা যায় সে বিষয়ে আলোচনা করেছিলেন নীলিমা নাগ ( লেখিকা ) ও ছবি রায়।

সাধারণত শিক্ষিকারা প্রদীপনরূপে যে সমস্ত উপকরণ শ্রেণীতে ব্যবহার করে' থাকেন তার অনেকগুলিই ছাত্রীরা স্বচেষ্টায় তথ্যানুসন্ধান ও হাতের কাজের সাহায্যে নিজেরা করলে তাদের আনন্দ ও আগ্রহবৃদ্ধির সংগে সংগে বিষয়ের ওপর অধিকারও বৃদ্ধি পাবে।

ভূগোলের প্রাকৃতিক ও রাজনৈতিক দুই অংশেই ছাত্রীরা চার্ট, মডেল, ছবি-আঁকা, মানচিত্রের নক্সা, রাজনৈতিক ও প্রাকৃতিক ম্যাপ, চিত্রসম্বলিত ম্যাপ, রিলিফ ম্যাপ প্রভৃতি প্রস্তুত করতে পারে। তারা আবহাওয়ার হিসাব রাখতে পারে এবং নানাবিষয়ের সংখ্যানুপাতিক বোধের জন্য গ্রাফ করতে পারে। প্রাকৃতিক। ও রাজনৈতিক আলোচনার সময়ে আলোচ্য তথ্য সম্পর্কিত নিকটবর্তী স্থানে ভ্রমণে নিয়ে যাওয়া যায়, তাছাড়া আজকাল অনধিক ব্যয়ে যে-সমস্ত বিশেষ ভ্রমণব্যবস্থা হয়ে থাকে তার সুযোগ নিতে পারলে বিদ্যালয়ের ছাত্রীদের অন্তত স্বদেশ সম্বন্ধে সাধারণ পরিচিতি ঘটে। আলোচনাকারিণীরা কাজ সম্বন্ধে দুই একটি উদাহরণও দিয়েছেন, যথা,—

প্রকল্প বা প্রজেক্ট ঃ—'ষষ্ঠশ্রেণী থেকেই ছাত্রীরা স্বয়ংপাঠ ও আলোচনার দ্বারা ও কাজের মধ্যে দিয়ে বিভিন্ন বিষয়ের জ্ঞান অর্জন ও প্রকাশ করতে পারে, যেমন নদীর তিনটি গতি, ভারতের পঞ্চবার্ষিকী ও নদী পরিকল্পনা প্রভৃতি করবার সময়ে শিক্ষিকা ছাত্রীর হাতেই তথ্যসংগ্রহ প্রদীপনপ্রস্তুতি প্রভৃতির ভার দিতে পারেন এবং সুযোগ পেলে বিষয় সংশ্লিষ্ট কোনো স্থানে ভ্রমণেও নিয়ে যেতে পারেন।

মডেল বা রূপাদর্শ প্রস্তুতি ঃ—আগ্নেয়গিরি, বিভিন্ন প্রকারের পর্বত, ভূপৃষ্ঠে জলের কাজ, বিভিন্ন দেশের জীবনযাত্রা প্রভৃতি অবলম্বনে রূপাদর্শ প্রস্তুত করে' মেয়েরা আনন্দ পাবে। এই বিষয়ে বালির পাত্র বা Sandtray ব্যবহার করা যায়।

ভ্রমণ ঃ—প্রকল্প সম্পর্কে ভ্রমণের উল্লেখ আগেই করা হয়েছে। কেমন, নদীর বিভিন্ন গতিতে যে বিভিন্ন রূপান্তর দেখা যায় শ্রেণীতে সে বিষয়ে পড়াবার সময়ে সাধারণত খসড়া (Sketch) বা ছবির সাহায্য নেওয়া হয়, কিন্তু তাতে বিষয়বস্তু সম্পূর্ণরূপে বাস্তব হয়ে উঠতে পারেনা। এই ক্ষেত্রে ছাত্রীরা যদি নদীর বিভিন্ন অবস্থার ক্ষেত্রে গিয়ে স্বচক্ষে দেখতে পায় তাহ'লে বিষয়গুলি অনেক বেশি উজ্জ্বল হয়ে ওঠে। ভারতের প্রাকৃতিক বৈশিষ্ট্য, বিভিন্ন

সরকারি পরিকল্পনা, খনি, পাহাড় পর্বত, বিখ্যাত নগর প্রভৃতি ভ্রমণদ্বারা দেখতে পেলেও ছাত্রীদের আনন্দের সংগে সংগে ধারণার সুস্পষ্টতা লাভ হবে।

খসড়া (sketch) ও ছবি :—অনেক ছাত্রীরই আঁকার ক্ষমতা থাকে। বইয়ের ছবি তারা ব্যবহার করবেই। কিন্তু হিমবাহ, নদীর প্রতিমূর্তি ও পর্যায় ইত্যাদির ছবি বা খসড়া যদি তারা নিজেই প্রস্তুত করতে পারে তাহ'লে তাদের ধারণা ও স্মৃতি উভয়েই সাহায্য হয়।

পর্যবেক্ষণ, প্রদর্শন পরীক্ষণ :—অক্ষাংশ, দ্রাঘিমা, দিবারাত্রির হ্রাসবৃদ্ধি, ঋতুপরিবর্তন, সমুদ্রজলের জোয়ার ভাঁটা প্রভৃতির আলোচনার সময় ছাত্রীরা গ্লোব, ম্যাপ ও যন্ত্রপাতি সহকারে পরীক্ষণ করতে পারে আর ঋতু পরিবর্তন, আবহাওয়া প্রভৃতি বিষয়ে প্রত্যক্ষ পর্যবেক্ষণের দ্বারা ও যন্ত্রপাতির সাহায্যে অনুসন্ধানের ভিত্তিতে জ্ঞান-লাভ করতে পারে।

গবেষণাগার :—বহুশাখ বিদ্যালয়ের উচ্চশ্রেণীতে ঐচ্ছিক ভূগোল পড়ানোর জন্য ব্যবহারিক কার্যক্রমের স্থান আছে। এর জন্য ভূগোল পাঠের নানাপ্রকার যন্ত্র-পাতির সাহায্য নিতে হয়। নিচের শ্রেণী থেকেই যদি ছাত্রীদের নানারূপ কার্যকলাপের মধ্য দিয়ে এইসব যন্ত্র-পাতির সংগে পরিচিত করে দেওয়া যায় তাহ'লে তাদের নৈপুণ্য ও আগ্রহ অনেক বৃদ্ধি পাবে।

——

## ভূগোল পড়ানোর একটি পরিকল্পনা

এই পরিকল্পনাটি রচনা করেছেন বর্ধমান পৌরবালিকা বিদ্যালয়ের শিক্ষিকা ছবি রায়।

**সমস্যা :—**

ছাত্রীদের ভূগোলপাঠে অমনোযোগিতা : কি ক'রে অষ্টম শ্রেণীর ছাত্রীদের ভূগোল পড়বার জন্য উৎসাহিত করা যায় ও তাদের মানের উন্নয়ন করা যায়। উক্ত শ্রেণীর আটচল্লিশটি ছাত্রীর মধ্যে দুইতিনজনের বেশি ভূগোল-পাঠে আগ্রহান্বিত ও নয় এবং পড়াও পড়ে না

**অনুমিত কারণ :—**

সাধারণভাবে বিদ্যালয়ে এবং ব্যক্তিগতভাবে ছাত্রীদের উপযুক্ত বই, ম্যাপ ছবি প্রভৃতির অভাব, বক্তৃতা ও অনুজ্ঞামূলক নিষ্ক্রিয় শিক্ষাপদ্ধতি, অধিকাংশ পরিবারে শিক্ষার উপযোগী পরিবেশের অভাব, অতিরিক্ত অনু-পস্থিতি, স্মৃতিশক্তির দুর্বলতা।

**অনুমিত সমাধান :—**

(ক) বিদ্যালয়ে ব্যবহারের জন্য ভূগোলের প্রদীপন-মূলক উপকরণ (মানচিত্র, চিত্র, চিত্রকল্প, ভূগোলক প্রভৃতি) সংগ্রহ করা, ছাত্রীদের দ্বারা অনুরূপ প্রদীপন তৈরি করিয়ে তাদের উৎসাহ বৃদ্ধি ও ধারণ উজ্জ্বল করানো, শ্রেণীকে গোষ্ঠীতে বিভক্ত করে স্বাধীনভাবে তথ্য সংগ্রহ ও প্রকাশে উৎসাহিত করে তাদের আত্মনির্ভরশীল করা।

(খ) দরিদ্র মেয়েদের জন্য স্কুলের ব্যবস্থার অভ্যন্তরে আর্থিক সাহায্যের ব্যবস্থা করা, বিদ্যালয়ে প্রাপ্ত নমুনার বই, অন্য মেয়েদের পরিত্যক্ত বই প্রভৃতি সংগ্রহ করে দেওয়া।

(গ) সম্ভব হ'লে পশ্চাদপদ মেয়েদের জন্য অতিরিক্ত পাঠনের ব্যবস্থা করা, গোষ্ঠীতে বিভক্ত হয়ে কাজের সময়ে অগ্রসর ছাত্রীদের ওপর পশ্চাদপদ ছাত্রীদের ভার দিয়ে পারস্পরিক সহযোগিতায় শ্রেণীর সাধারণ উন্নয়নের চেষ্টা করা, সপ্তাহে একদিন ক'রে আলোচনার ব্যবস্থা করা।

**পরিকল্পনা :—**

(১) দরিদ্র মেয়েদের বাড়ির খোঁজ নিয়ে যতদূর সম্ভব অর্থ ও পুস্তক দিয়ে সাহায্যের ব্যবস্থা করা হবে।

(২) পশ্চাদপদ ও অনাগ্রহী মেয়েদের জ্ঞান ও বুদ্ধির পরিমাপ ক'রে কাজের ভিত্তি স্থির করা হবে।

(৩) গোষ্ঠিবিভাগের সময়ে প্রত্যেক গোষ্ঠীতে অগ্রসর ও অনগ্রসর মেয়েদের যতদূর সম্ভব সমভাবে ছড়িয়ে দেওয়া হবে।

(৪) পাঠ্যক্রমের অসুবিধাজনক কঠিন অংশগুলি

পরীক্ষা করে সরল ও চিত্তাকর্ষকভাবে পুনর্গঠিত করা হবে।

(৫) সময়তালিকায় সপ্তাহের চার ঘণ্টা ভূগোল পড়ানো এবং দুই দুই ঘণ্টা ক'রে একাদিক্রমে পড়ানোর ব্যবস্থার চেষ্টা করা হবে। প্রয়োজন হ'লে ভূগোলের পাঠ সাময়িকভাবে সপ্তাহে আরো একঘণ্টা বাড়িয়ে দিতে চাওয়া হবে।

(৬) প্রথম দুইমাস ছাত্রীদের ছয়টি দলে ভাগ করে হাতের কাজের মধ্যে দিয়ে ( ম্যাপ, চার্ট, মডেল ইত্যাদি প্রস্তুত করে ) ভূগোলের ধারণা স্পষ্ট ও বাস্তবিক করার ও আগ্রহ সৃষ্টি করার চেষ্টা হবে। এই প্রথম ধাপের মধ্যে যথেষ্ট উৎসাহের সৃষ্টি হলে বিভিন্ন পরিকল্পনার মধ্যে দিয়ে পাঠ অগ্রসর হবে। শেষে পাঠ্যক্রমের ফাঁকগুলি অধ্যাপনার দ্বারা পূর্ণ করা হবে।

**অনুমিত পরিণতি** বিচিত্র কার্যক্রমের মধ্যে দিয়ে ছাত্রীদের ভূগোল পাঠে আগ্রহ হবে, বিষয়বস্তুর ধারণা স্পষ্ট হবে, সহযোগিতার মধ্যে দিয়ে পরস্পরের উন্নতি করতে শিখবে, একযোগে কাজ করার উপযোগী মানসিক গুণাবলী অর্জন করবে।

**মূল্যায়ন**—প্রত্যেক স্তরের ও প্রকারের নৈপুণ্যের যথাযথ পরিমাপের জন্য গোষ্ঠীর এবং ব্যক্তির প্রদীপন রচনায় হাতের কাজের ও তথ্য সংগ্রহের মূল্য বিচার করা হবে এবং বস্তুভিত্তিক ও রচনামূলক পরীক্ষা নেওয়া হবে।

প্রত্যেক ছাত্রী নিজের পূর্বের অবস্থা থেকে কতদূর অগ্রসর হ'ল তার পরিমাপ করা হবে।

অষ্টম শ্রেণীর একটি শাখায় পরিকল্পনা গ্রহণ করে সাধারণ শ্রেণীর পরীক্ষাগুলিতে সেই শাখা অন্যান্য শাখার তুলনায় কিরূপ ফল লাভ করলো তার পরিমাপ করা হবে।

শ্রেণীর কাজের সময়ে পর্যবেক্ষণ করে দেখা হবে কোন শাখা বেশি আগ্রহের সংগে কাজ করছে।

## ইতিহাস পড়ানো

এই দলের আলোচনা ও বিবৃতি রচনা করেছিলেন উর্মিলা মিত্র (লেখিকা), নিরুপমা বোস,, রানি চৌধুরী ও শেফালী পাল। আপাতদৃষ্টিতে মনে হতে পারে যে ইতিহাস বিষয়টি গল্পের মতো ব'লে অতি সহজেই এর পাঠ্যবিষয় প্রস্তুত করা সম্ভব ; কিন্তু কার্যক্ষেত্রে দেখা যায় যে প্রচলিত শিক্ষাপদ্ধতি অবলম্বনে ইতিহাস তো ছাত্রীদের হৃদয়গ্রাহী হয়ই না বরংচ তারা একে নীরস বলে মনে করে থাকে। এই অবস্থার সংস্কারের প্রথম ধাপ হবে নানারূপ মানচিত্র, চার্ট, ছবি ইত্যাদির সাহায্যে পাঠ্যবিষয়কে সরস করে ছাত্রীদের সামনে উপস্থাপিত করা এবং তাদের নিষ্ক্রিয় দর্শক ও শ্রোতার পর্যায়ে আবদ্ধ না রেখে সক্রিয় উৎসাহে প্রদীপন ও পাঠ্য বিষয়ের প্রস্তুতিতে অংশ গ্রহণ করানো।

ইতিহাস ও ভূগোল অংগাংগিভাবে জড়িত। বিভিন্ন ভৌগোলিক অবস্থার পরিপ্রেক্ষিতে মানুষ অতীতে যা করেছে, তাই আজকের ইতিহাস। এই কারণে ভৌগোলিক পটভূমির অবতারণা ইতিহাসের পাঠদানের এক প্রধান অংগ। এই সংযোগ স্থাপনের জন্য শিক্ষার্থিগণ তাদের পাঠের সংগে সংগে প্রয়োজন মত ম্যাপ চার্ট ইত্যাদি করতে পারে। তাদের এই কাজের জন্য যতদূর সম্ভব বহিঃরেখ মানচিত্র ব্যবহার করতে দিলে ভাল হয়, অভাবপক্ষে শিক্ষার্থীরা নিজেরাই বহিঃরেখা একে নিতে পারবে। এর ওপর ছাত্রীরা কি কি কাজ করতে পারে তার একটি তালিকা দেওয়া হল—

১। বিশেষ বিশেষ দেশের মানচিত্রে সেই দেশের বিভিন্ন সম্রাট বা শাসনকর্তাদের রাজ্যবিস্তার আঁকা।

২। পৃথিবীর মানচিত্রে বিভিন্ন যুগের সমসাময়িক রাজাদের নাম ছবি ও রাজ্যসীমা বসানো।

৩। আলেকজাণ্ডার, তৈমুরলঙ, ফাহিয়েন, হিউ-এন-সাঙের ভারতে আগমন পথ ও কলম্বাস, ভাস্কো-ডাগামা, মাগেল্যান প্রভৃতির আবিস্কারের পথরেখা অংকিত করা।

৪। নেপোলিয়ন, হ্যানিবল প্রভৃতির রাজ্যের বিস্তারের ইতিহাস চিত্রিত করা। এই ভাবে পুঁথিগত জ্ঞান কণ্ঠস্থ করার পরিবর্তে হাতেকলমে কাজ করে পাঠে আনন্দ ও আগ্রহ বৃদ্ধি পাবে এবং জ্ঞান দৃঢ়তর হবে। এইরূপ ছোট ছোট মানচিত্র এঁকে বা প্রয়োজনমত যুগরেখা বা সময় সিঁড়ি রচনা করে, সংগৃহীত ছবি, ফটো ইত্যাদি লেবরেটরির নোট বইয়ের বাঁ দিকের পৃষ্ঠায় লাগিয়ে, ডানদিকের পৃষ্ঠার সেগুলির সংক্ষিপ্ত পরিচয় ও বিবরণী লিখে তারা নিজেদের সরস সুন্দর পাঠ্যপুস্তক প্রস্তুত করতে পারবে।

শ্রেণীর মেয়েদের হাতের কাজের মধ্যে সর্বোৎকৃষ্ট ছবি, মানচিত্র প্রভৃতি দিয়ে দেয়ালে টাঙাবার উপযোগী বড় বড় চার্ট করা যাবে। উদাহরণস্বরূপ বলা যায় যে বুদ্ধ ইত্যাদি মহাপুরুষের জীবনসম্বন্ধীয় অংকিত বা সংগৃহীত ছবির সাহায্যে চার্ট হবে, প্রতিটি ছবির নিচে সংক্ষেপে ছবির পরিচিতি লেখা থাকবে। এই জিনিষগুলি একেকজন ছাত্রীর পক্ষে প্রস্তুত করা কষ্টসাধ্য মনে হ'লে একেকটি প্রদীপন তৈরি করার ভার একেক দল ছাত্রীর হাতে দেওয়া যাবে। গোষ্ঠীতে গোষ্ঠীতে বিভক্ত হয়ে কাজ করার উপরি লাভ হ'ল তাতে সংঘবদ্ধ হয়ে কাজ করার অভ্যাস হয়।

পাঠ্যবিষয়ের মডেল তৈরি করাও চিত্তাকর্ষক কাজ। মডেল প্রস্তুত করার আগে হয় শিক্ষিকা উক্ত বিষয়ের সম্বন্ধে সম্যক জ্ঞান শিক্ষার্থীকে দেবেন। নয়তো উৎসাহী শিক্ষার্থী নিজ চেষ্টায় তথ্য সংগ্রহ করে নেবে। বিভিন্ন যুগের মুদ্রার প্রতিকৃতি তৈরি করতে পারলে সমসাময়িক রাজাদের নাম, মুদ্রায় ব্যবহৃত ধাতুর উল্লেখ প্রভৃতির দ্বারা তৎকালীন রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থার আলোচনা হ'তে পারে।

ঐতিহাসিক স্থানে ভ্রমণে নিয়ে যেতে পারলে ছাত্রীদের ইতিহাসের জ্ঞান ও ধারণা স্পষ্ট হবে। এইরূপ ভ্রমণে যাবার আগে বিষয়টির আলোচনা ক'রে নিলে ভ্রমণকালে পর্যবেক্ষণ করার সুবিধা হবে। ভ্রমণের পর শ্রেণীতে সেই বিষয়ে রচনা লিখিয়ে শ্রেষ্ঠ রচনাটির বিদ্যালয়ের পত্রিকায় প্রকাশের ব্যবস্থা করলে শিক্ষার্থীরা আরো উদ্যমী হবে। মিউজিয়মের মতো স্থানে নিয়ে গেলেও ছাত্রীরা দেশভ্রমণের মতোই উপকৃত হবে, উপরন্তু সজ্জিত মডেলগুলি দেখে তারাও মডেল করা সম্বন্ধে ধারণা পাবে।

নাটকীয়ভাবে ইতিহাসের দৃশ্য ও ঘটনাবলীর প্রকাশেও আনন্দ ও শিক্ষা এক সংগে হবে। নাটকীয় প্রকাশ প্রধানত তিন প্রকার হ'তে পারে,—শোভাযাত্রা জাতীয়, কথকতা জাতীয় ও নাট্যাভিনয় জাতীয়। শোভাযাত্রা (pageant) করা হয় যুগের ধারা ফুটিয়ে তোলার জন্য,—যেমন "ভারতীয় নারী যুগে যুগে" শোভাযাত্রায় পর পর অতি প্রাচীন থেকে অতি আধুনিক যুগের বিভিন্ন প্রকারের পোষাক পরে' বিভিন্ন দলের মেয়ে দর্শকদের সামনে দিয়ে চ'লে যেতে থাকবে। আবার একই যুগের বিভিন্ন বিষয় শেখাবার জন্যও শোভাযাত্রা করানো যেতে পারে। কথকতা স্তরে শিক্ষার্থী যেন জাতিস্মর হয়ে কোনো কল্পিত পূর্বজন্মগত ঐতিহাসিক স্মৃতিকাহিনী বলতে পারে। নাট্যাভিনয় স্তরে শ্রেণীর পাঠের সংগে কোনো ঘটনায় অংশ গ্রহণ ক'রে ফুটিয়ে তোলা, ঐতিহাসিক ঘটনা অবলম্বনে শিক্ষার্থীদের রচিত নাটকের অভিনয় বা প্রতিষ্ঠিত সাহিত্যিকের ঐতিহাসিক নাটকের অভিনয় প্রভৃতি পড়ে। উদাহরণস্বরূপ বলা যায় যে বুদ্ধের বাল্যজীবন, গৃহত্যাগ প্রভৃতি, অশোকের জীবন ও ধর্মপ্রচার, জরথুষ্ট্র ও কনফুশিয়সের কল্পিত কথোপকথন, মহম্মদ তুঘলকের খামখেয়ালি ব্যবহারের প্রসংগে কয়েকটি প্রজার কথোপকথন, আকবর ও শেরসাহের রাজসভায় ন্যায়বিচারপ্রসংগে, লর্ড বেণ্টিংকের শাসন বা সমাজ সংস্কার সম্বন্ধে তৎকালীন বিভিন্ন মতাবলম্বী কয়েক ব্যক্তির আলোচনা ইত্যাদি বিষয় গভীর নাটকীয় সম্ভাবনাপূর্ণ এবং ইতিহাসকে উজ্জ্বল করার পক্ষে অতি মূল্যবান।

শিক্ষার্থীর স্বরচিত নাটক নাতিদীর্ঘ থেকে ক্ষুদ্র হ'লেই ভাল এবং যতদূর সম্ভব ঐতিহাসিক নিষ্ঠা অক্ষুণ্ণ রেখে সেগুলি রচনা করতে হবে। শিক্ষক সব সময়ে প্রয়োজনীয়

সাহায্য করার জন্য প্রস্তুত থাকবেন। নাটকের অভিনয়ের জন্য পোষাক তৈরি করতে হ'লে বিভিন্ন যুগের পোষাক পরিচ্ছদ, অলংকারাদির বিষয়ে অনুসন্ধিৎসু হয়ে শিক্ষার্থীরা ইতিহাসের পাতায় পাতায় তথ্যানুসন্ধান করবে এবং বইয়ের বর্ণিত ও চিত্রিত রূপকে বস্তুরূপে পরিণত করে' ধারণাকে উজ্জ্বল ও শিক্ষাকে স্থায়ী করবে। অভিনয়ের কাজের মাধ্যমে সহযোগিতার ভাব ও দায়িত্বজ্ঞান বৃদ্ধি পাবে।

শিক্ষার্থীরা শ্রেণী বা বিদ্যালয়ের জন্য ঐতিহাসিক সংবাদপত্র বা দেওয়ালপত্র স্থাপিত ক'রে ঐতিহাসিক বিষয়ের রচনা ও প্রদীপনের ছবি প্রকাশিত ও প্রদর্শিত করতে পারে। প্রত্যেক পত্রের জন্য সভাপতি, প্রচারক, সম্পাদক, লেখক, চিত্রকর প্রভৃতি নির্দিষ্ট পদের ব্যক্তিদের নিয়ে সম্পাদকমণ্ডলী গঠিত হবে।

শিক্ষিকা শিক্ষার্থিদের প্রস্তুত প্রদীপনবস্তু দিয়ে ঐতিহাসিক যাদুঘর করতে পারেন এবং বৎসরে একবার সমস্ত বিদ্যালয়ে ছাত্রদের কাজের প্রদর্শনী ক'রে মাতা-পিতা, আত্মীয় স্বজন প্রভৃতিকে ডেকে দেখাতে পারেন।

বর্তমান উচ্চ মাধ্যমিক পাঠ্যতালিকার অন্তর্গত সমাজ-বিদ্যা বিষয়টির সংগে ইতিহাসের গভীর সম্বন্ধ। ইতি-হাসের কর্মকেন্দ্রিক পাঠ ও আলোচনাকে সমাজবিদ্যার ঐতিহাসিক প্রকল্পের সংগে অনুবন্ধ করা যেতে পারে।

আলোচনাকারিণীদের মতে উপরিউক্তভাবে ইতিহাসের পাঠকে সজীব ও সক্রিয় করে তোলা গেলে শিক্ষার্থীদের মনে কৌতুহল ও উদ্যমের বীজ অংকুরিত হবে। ক্রমে তারা পরীক্ষানিরীক্ষার মাধ্যমে বিভিন্ন সমস্যার আলোচনা ও সমাধানের উপায় নিজেরাই নির্ধারিত করে নেবে। শিক্ষার্থিদের প্রয়াসের পশ্চাতে শিক্ষিকার তত্ত্বাবধান কিন্তু সমানে জাগ্রত থাকবে এব তার সুপরিচালনা, পরামর্শ ও নির্দেশের ওপর ছাত্রদের কাজের সাফল্য অনেকাংশে নির্ভর করবে। ইতিহাসের শিক্ষককে বৈচিত্র্যপ্রয়াসী হতে হবে, তবেই তিনি সুকৌশলে বৈচিত্র্যকামী ছাত্র-সমাজকে বিচিত্র পথে ধাবিত করাতে পারবেন।

## ইতিহাস পড়ানোর তিনটি পরিকল্পনা

### প্রথম

পরিকল্পনাটি রচনা করেছেন ঢাকুরিয়ার পরেশনাথ বালিকা বিদ্যালয়ের শিক্ষিকা উর্মিলা মিত্র।

**সমস্যার বিষয়**—ইতিহাসপাঠে ছাত্রীদের বিরক্তি।

**সমস্যার বিশেষণ**—সকল শ্রেণীর ক ও খ শাখার ঐচ্ছিক ইতিহাসের ছাত্রীদের একত্রে ইতিহাস পড়ানো হয়। এদের প্রায় এক তৃতীয়াংশ ঐতিহাসিক তথ্য ও সন তারিখ মনে রাখতে পারেনা।

**সমস্যার বিশ্লেষণ**—

১। ইতিহাসের প্রতি আগ্রহের অভাব। বিদ্যালয়ের কলা শাখায় অন্য ঐচ্ছিক বিষয়ের ব্যবস্থা না থাকায় নিরুপায় হয়ে ইতিহাস পড়ছে বলে বিষয়টির প্রতি বিরক্তি জন্মেছে।

ইতিহাস পাঠের কোনো প্রয়োজন নেই এই ধারণা অর্থাৎ ইতিহাসের মূল্যবোধের অভাব।

৪। অন্যান্য বিষয়ের সংগে ইতিহাসের সম্পর্ক-বোধের অভাব।

**সমাধানের অনুমান**—

১। প্রদীপনের সাহায্যে ও কার্যকলাপের মধ্য দিয়ে পাঠ দিলে পাঠ চিত্তাকর্ষক হবে এবং বস্তুত্ববোধের মধ্যে দিয়ে বিষয়টি বোঝা ও মনে রাখা সহজ হবে।

২। বিষয়বস্তুর স্বাভাবিক বিভাগগুলিকে খণ্ডিত না করে একেক অংশ শেষ হলে পরীক্ষা নেওয়া হবে। একই বিভাগে কার্যিক বিষয়মুখী, সংক্ষিপ্ত উত্তর ও রচনা-মূলক এই বিভিন্ন প্রকারের পরীক্ষা দিলে কেবল পরীক্ষা করাই হবেনা বারবার আলোচনায় বিষয়বস্তুর জ্ঞান অধিক স্থায়ী হবে।

৩। বিষয়বস্তুর বারবার পুনরাবৃত্তির প্রয়োজন কিন্তু তাতে যাতে বিরক্তি না জন্মায় তাই বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বিচিত্র ধরণের বিশ্লেষণের সাহায্য নেওয়া হবে।

৪। আত্মসমালোচনার দ্বারা ছাত্রীদের নিজেদের সাফল্যের মূল্য ও অসাফল্যের কারণবোধ করাতে হবে ও সহযোগিতার দ্বারা পারস্পরিক উন্নতিসাধনে প্রবৃত্তি দিতে হবে।

৫। স্বদেশগৌরব ও মানবপ্রীতির ভিত্তিস্থাপনে দেশের ও বিশ্বমানবের ইতিহাস জানার জন্য আগ্রহের সৃষ্টি করতে হবে।

৬। গৃহে মাতাপিতাকে ইতিহাসপাঠের গুরুত্ব সম্বন্ধে সচেতন করে তাদের সহায়তা আকর্ষণ করতে চেষ্টা করা হবে।

## কাজের পরিকল্পনা

ক। **প্রস্তুতি—**

১। শিক্ষিকা ছাত্রীদের পূর্ব শ্রেণী থেকে লব্ধ ঐতিহাসিক জ্ঞান ও নৈপুণ্যের পরিমাপ করবেন, অর্থাৎ তারা কি কি পড়ে ও তার মধ্যে কি কি মনে আছে, এর আলোচনা প্রশ্নোত্তরদ্বারা করবেন।

২। শিক্ষিকা পর্যবেক্ষণ ও পর্যালোচনার দ্বারা ছাত্রীদের বুদ্ধি, ইতিহাসের প্রতি মনোভাব, বাড়ির সুযোগ সুবিধা, সাহায্যপ্রাপ্তির সম্ভাবনা ইত্যাদির আলোচনা করবেন। তাদের মনোভাব ও দৃষ্টিভংগির পরীক্ষণের জন্য একটি বিশেষ পরীক্ষাও নিতে পারেন। নানারূপে চিত্তাকর্ষক ভাবে এই কাজ করতে শিক্ষিকার সপ্তাহ খানেক সময় লাগবে।

খ। **উপস্থাপন—**

১। শিক্ষিকা শ্রেণীতে ইতিহাসের পাঠ্য বিষয় সম্পর্কিত সুন্দর সুন্দর ছবি, চার্ট সময়রেখা প্রভৃতির ব্যবহার করবেন, প্রয়োজন হ'লে বোর্ডে ম্যাপ এঁকে বোঝাবেন।

২। ছাত্রীদের অনুরূপ প্রদীপন বস্তু প্রস্তুত করতে ও ঐতিহাসিক চিত্র সংগ্রহ করতে উৎসাহিত করবেন। তারা সংগৃহীত ও প্রস্তুত করা চিত্র, মানচিত্র, চার্ট এবং তথ্য একটি 'লেবরেটরি' খাতায় সাজিয়ে নিয়ে স্বরচিত ইতিহাসের বই তৈরি করবে। এই উদ্দেশ্যে তারা পুরনো মাসিক ও সংবাদ্র পত্র থেকে ঐতিহাসিক প্রবন্ধ, খবর, ছবি প্রভৃতি কেটে নিয়ে আসবে। এই ভাবে অতীত বর্তমানের তুলনা করবে, আপাতিক ও ঐতিহাসিকের পার্থক্য বুঝবে, সভ্যতার উপাদান ও গতিপথ সম্বন্ধে ধারণা হবে।

৩। মাঝে মাঝে উপযোগী পাঠ্যবিষয় বেছে নিয়ে একেকটি স্বয়ংপাঠ ও কার্যকলাপের প্রকল্পের অবতারণা করানো হবে। ছাত্রীরা বিভিন্ন দলে বিভক্ত হয়ে একেক দল প্রকল্পের একেকটি অংশ নিয়ে কাজ করবে। প্রত্যেক দল পঠনীয় ও করণীয় বিষয়াংশ নিয়ে রচনা ও প্রদীপন প্রস্তুত করবে এবং কাজ সম্পূর্ণ হ'লে প্রদর্শনী ও বিবৃতির পর প্রত্যেক দল অন্যান্য দলের বিষয়ীভূত অংশগুলি তাদের প্রস্তুত বস্তুর অবলম্বনে আরম্ভ করবে।

(৪) বাংলা ও ইংরেজির পাঠ্যক্রমের ঐতিহাসিক গদ্যপদ্যের এবং ভূগোল ও সমাজবিদ্যার সংগে সর্বদা অনুবন্ধ রক্ষা করা হবে। তাছাড়া পাঠ্যবহির্ভূত ঐতিহাসিক, গল্প, কবিতা, উপন্যাস, জীবনী ইত্যাদি পাঠে উৎসাহিত করা হবে। এতে ছাত্রীদের কাছে ইতিহাস চিত্তাকর্ষক হয়ে উঠবে ও পঠিত বিষয়ের পুনরালোচনার দ্বারা জ্ঞান স্থায়ী ও ধারণা স্পষ্ট হবে।

(৫) অন্যান্য কার্যকলাপের মধ্যে ছাত্রীরা ঐতিহাসিক সমিতি গঠিত করতে পারে অথবা সমাজবিদ্যা সমিতির অন্তর্ভুক্ত হতে পারে এবং সমিতি অথবা শ্রেণীর পক্ষ থেকে ঐতিহাসিক পত্রিকা ও প্রাচীরপত্র প্রকাশ, স্বরচিত বা সাহিতিকের রচিত ঐতিহাসিক নাটকের অভিনয়, ঐতিহাসিক বিষয়ের অবলম্বনে বিতর্ক ও আলোচনার আয়োজনপ্রভৃতি করতে পারে।

(৬) আর্থিক সংগতি থাকলে এবং উপযুক্ত সুযোগ ঘটলে ছাত্রীদের ঐতিহাসিক স্থানে ভ্রমণ করতে নিয়ে

যাওয়া হবে। আজকাল অল্পব্যয়ে এরূপ ভ্রমণের ব্যবস্থা অনেক প্রতিষ্ঠান ক'রে থাকে।

(৭) পাঠের পুনরালোচনার সময়ে হুবহু পুনরাবৃত্তি এড়িয়ে চলতে হবে। একাধিকবার আলোচনার সময়ে একাধিক প্রকারের কার্যক্রম অবলম্বন করা হবে। যথা একবার পুস্তক পাঠে তথ্যসংগ্রহ, তারপর সংগৃহীত তথ্যে প্রদীপন ও পুস্তকের প্রস্তুতি, তারপর সাহিত্যবস্তু পাঠ বা রচনা, তারপর অভিনয় ইত্যাদি।

(৮) শ্রেণীতে পাঠের মধ্যে বারবার মূল্যায়ন করা হবে। প্রত্যেক বিষয়াংশের পাঠ বা প্রকল্প শেষ হলে সেই বিষয়ে বাচিক, বিষয়মুখী, সংক্ষিপ্ত উত্তর ও রচনা-মূলক পরীক্ষা করা হবে; ছাত্রীদের নিজেদের কাজের মূল্যায়ন ও পরীক্ষাফলের বিশ্লেষণে প্রবৃত্ত করা হবে।

(৯) ওপরের উপায়সমূহের অবলম্বন স্বভাবতই ছাত্রীদের মধ্যে দেশগৌরব ও বিশ্বাত্মবোধ জাগ্রত হবে ব'লে আশা করা যায়।

(১০) মাতাপিতার দৃষ্টি মেয়েদের ইতিহাসপাঠনের দিকে আকৃষ্ট করার জন্য তাদের হাতে কাজের প্রদর্শনী, নাটকের অভিনয় প্রভৃতি দেখতে নিমন্ত্রণ করা যেতে পারে, ইতিহাসপত্রিকা থাকলে মাতাপিতাকে তা পড়তে অনুরোধ করা হবে। সম্ভব হ'লে উভয় ক্ষেত্রেই কিছু দর্শনী নেওয়া যাবে।

(১১) শিক্ষিকা এই পরিকল্পনায় প্রধান শিক্ষিকা, শ্রেণী শিক্ষিকা এবং অন্যান্য বিষয়ের শিক্ষিকার সহযোগিতা পাবেন। তিনি ছাত্রীদের সংগে বন্ধুত্বপূর্ণ, সহানুভূতি-শীল আচরণ ক'রে, মতপ্রকাশের ও কার্যকলাপের যতদূর বাঞ্ছনীয় স্বাধীনতা দিয়ে তাদেরও সহযোগিতা অর্জন করবেন।

(১২) সময়তালিকায় ইতিহাসের ঘটনার পূর্ণ সংখ্যা না বাড়িয়ে একেক সংগে দু ঘণ্টা ক'রে দিয়ে কাজের সময় প্রসারিত করা হবে, উপরন্তু প্রয়োজনবোধে সম্ভব হ'লে বিদ্যালয়দিবসের মধ্যে আগে বা পরে সপ্তাহে একঘণ্টা করে অতিরিক্ত ক্লাস দেওয়া হবে।

**মূল্যায়ন ও সাফল্যবিচার :—**

(১) বৎসরের প্রথম দুইমাসের মধ্যে নবম শ্রেণীর ইতিহাসে এই পদ্ধতির আংশিক প্রয়োগে ছাত্রীদের অনুরাগ ও আগ্রহ কিছু বৃদ্ধি পাচ্ছে কিনা লক্ষ্য করা হবে।

(২) প্রত্যেক আংশিক পরীক্ষার ফল পূর্ব পূর্ব পরীক্ষাফলের তুলনায়-ব্যক্তিগত ও দলগতভাবে উন্নত হচ্ছে কিনা দেখা হবে।

(৩) দলবদ্ধ কাজের সময়ে অগ্রসর ছাত্রীদের সহায়তায় অনগ্রসর ও নিরুৎসাহ ছাত্রীদের উন্নতির চেষ্টা হবে এবং প্রত্যেক ছাত্রী নিজের উন্নতি-অবনতির "গ্রাফ" রাখবে)

(৪) ছাত্রীরা ইতিহাসের ও ঐতিহাসিক বিষয়ের বাইরের বই পড়ছে কিনা দেখা হবে।

(৫) মনোভাব ও দৃষ্টিভংগীর পরিণতি বিষয়ে বিশেষ পরীক্ষা নেওয়া হবে।

## দ্বিতীয়

এই পরিকল্পনাটি রচনা করেছেন ধুবুলিয়ার (নদীয়া) সুভাষ চন্দ্র বালিকা বিদ্যালয়ের শিক্ষিকা অমিয়া দাস।

**সমস্যা :—**

সপ্তম শ্রেণীতে মধ্যযুগীর ইতিহাসপাঠে ছাত্রীদের অনিচ্ছা।

**অনুমিত কারণ :—**

২। পাঠ্যক্রমের অনুপযোগিতা,—ইতিহাসের সমগ্র দৃষ্টির পরিবর্তে বিভিন্ন শ্রেণীতে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে পড়ানো হয়, ভূগোলের সংগে কোনো যোগ রাখা হয় না ব'লে ইতিহাস বস্তুনিরপেক্ষ অবাস্তব বলে' পরিণত হয়।

২। মানবের জীবনযাত্রার সরস কাহিনীর পরিবর্তে সন, তারিখ, ঘটনা, ও নামের অনাবশ্যক গুরুভারে পাঠ্যক্রম ভারাক্রান্ত।

৩। বিদ্যালয়ের পাঠন পদ্ধতি নীরস ও পুস্তক-কেন্দ্রিক।

৪। অধিকাংশ ছাত্রী উদ্বাস্তু সম্প্রদায়ের বৃত্তি-ভোগী পরিবারের সন্তান ব'লে সুযোগ সুবিধার অভাবে তাদের সম্যক মানসিক বিকাশ হয়নি। এই জন্য তাদের মান অত্যন্ত নিচু।

**সমাধানের অনুমান—**

১। ইতিহাস ভূগোলের পাঠ্যক্রমকে এমন করে পুনর্গঠিত করতে হবে যাতে যে যে দেশের ভূগোল যে যে শ্রেণীতে পড়ানো হয় সেই সেই শ্রেণীতে সেই সেই দেশের ইতিহাসও পাশাপাশি অথবা অনুবন্ধিত ভাবে পড়ানো যায়।

২। ঘটনা ইত্যাদির বাহুল্য বর্জন করে ছাত্রীদের মানসিক ক্ষমতানুযায়ী সরল করে দিতে হবে।

৩। ছাত্রীদের চিত্তাকর্ষণে এবং বিষয়বস্তু সহজে বোধগম্য করার জন্য নানা দৃষ্টিগ্রাহ্য প্রদীপনের সহায়তা নিতে হবে।

৪। ইতিহাসসম্পর্ক নানাপ্রকারের কাজ করিয়ে বিষয়বস্তুকে সজীব ও স্মৃতিতে স্থায়ী করতে হবে।

**কাজের পরিকল্পনা—**

১। শিক্ষিকা প্রথমে পাঠ্যক্রমের পরিবর্তনের জন্য মধ্যশিক্ষাপর্ষতের অনুমতি চাইবেন। পঞ্চম থেকে অষ্টম শ্রেণীতে পৃথিবীর সম্পূর্ণ ইতিহাস ও ভূগোল পড়ানো হয়। তিন বৎসরের সামগ্রিক বিষয় একই রেখে প্রতি বৎসরে দেশানুসারে ইতিহাস ভূগোলের পাঠ সমান করে নেবেন।

২। শিক্ষিকা নানাপ্রকার ছবি, মানচিত্র, মডেল ইত্যাদির সাহায্যে শিক্ষা দেবেন এবং ছাত্রীরা মাসিক বা সাপ্তাহিক পত্রিকার ছবি সংগ্রহ করে কেটে তার সাহায্যে চার্ট ইত্যাদি তৈরি করে ক্লাসে ব্যবহার করবে। তারা মডেল, ডায়োরামা প্রভৃতি তৈরি করবে।

৩। বিভিন্ন বই থেকে তথ্য সংগ্রহ করে ছাত্রীরা গোষ্ঠিবদ্ধ ভাবে নিজেদের পাঠ্য পুস্তক তৈরি করবে। এই বইয়ে তাদের সংগৃহীত ও অংকিত ছবি, ম্যাপ, সময়রেখা, সময়সিঁড়ি প্রভৃতি থাকবে। নিচের ক্লাসে মানচিত্র প্রস্তুত করার অসুবিধা হলে বহিঃরেখ মানচিত্র কিনে ব্যবহার করতে হবে।

৪। ছাত্রীরা ঐতিহাসিক নাটক, অন্যান্য সাহিত্য ও কবিতা সংগ্রহ করবে, যাদের সাহিত্যিক প্রতিভা আছে তারা ছোটছোট ঐতিহাসিক নাটিকা রচনা করবে। প্রত্যেক লম্বা ছুটির আগে তারা শ্রেণীতে সাধারণ ভাবে ছোট নাটিকার অভিনয়, সাহিত্য পাঠ ও আবৃত্তি করবে এবং বছরে একবারে যাতে ঐতিহাসিক নাটকের অভিনয় করা যায় তার চেষ্টা করতে হবে।

৫। বিষয়ের প্রত্যেক স্বাভাবিক অংশের পাঠ শেষ হলে তার অবলম্বনে কার্যিক, বিষয়মুখী সংক্ষিপ্তোত্তর ও রচনামূলক পরীক্ষা করা হবে এবং দৈনন্দিন কাজের জন্য নম্বর দেওয়া হবে। ছাত্রীরা নিজেদের উন্নতিঅবনতির গ্রাফ তৈরি করবে এবং অবনতি হলে কারণানুসন্ধান করবে। আন্তঃগোষ্ঠী প্রতিযোগিতার দ্বারা গোষ্ঠীর উন্নততর ছাত্রীদের সহাতায় দুর্বলতম ছাত্রীদের উন্নতির চেষ্টা হবে। এছাড়া ইতিহাস ও ভূগোলের অন্য কোনো পরীক্ষা হবে না, এগুলির নম্বর রিপোর্টের সংগে যাবে।

৬। শ্রেণীতে সে-কাজ হবে তার কোনো জিনিষ ছাত্রীরা বাড়িতে নিয়ে যাবেনা, নিরাপদ ভাবে গুছিয়ে স্কুলে রেখে যাবে। এক সংগে দ্বিগুণিত ঘণ্টা দিয়ে কাজের সময় প্রশস্ত করা হবে।

**মূল্যায়ন**

১। পরিকল্পনা গ্রহণের পূর্বে এবং তারপর প্রতিবৎসরে মনোভাবের বিশেষ পরীক্ষা নেওয়া হবে।

২। শ্রেণীর কাজে আগ্রহ ও উৎসাহের পরিমাপ করা হবে।

৩। পরীক্ষাফলের "গ্রাফ" তৈরি করে শ্রেণী ও ব্যক্তিগত মানের গতি পর্যবেক্ষণ করা হবে।

৪। নবম শ্রেণীতে ঐচ্ছিক ইতিহাসভূগোলের পাঠে এই ছাত্রীদের পূর্ব পূর্ব বৎসরের ছাত্রীদের সংগে তুলনা করে দেখা হবে।

## তৃতীয়

জাফরপুর চড়কতলাগার্লস জুনিয়র হাই স্কুলের শিক্ষিকা ময়না চক্রবর্তী অষ্টম শ্রেণীর জন্য প্রায় অনুরূপ একটি পরিকল্পনা প্রস্তুত করেছেন। পুনরুক্তির ভয়ে পৃথক ভাবে প্রকাশিত হল না। ইতিহাসের পাঠের ভিত্তি পঞ্চম ষষ্ঠ শ্রেণীতে স্থাপিত হয়। তাই আমাদের বিশ্বাস যে মধ্যবিদ্যালয়ের শ্রেণীগুলিতে যাঁরা ইতিহাসের পরিকল্পনা নিতে চান তাঁরা ওই শ্রেণী থেকে অষ্টম পর্যন্ত ধরে' নিয়ে একটি সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করলে উপকৃত হবেন। উপরন্তু যদি তাঁরা ইতিহাস ও ভূগোল অনুবন্ধিত ভাবে পড়াতে পারেন তাহলে আরো ভালো হয়।

## গার্হস্থ্য বিজ্ঞানে কর্মকেন্দ্রিক শিক্ষা পদ্ধতির প্রয়োগ

এই অংশে আলোচনা করেছেন নবব্যারাকপুর বালিকা বিদ্যালয়ের প্রভা ঘোষ এবং ভূপতিনগর কন্যা বিদ্যালয়ের উষা পাত্র।

যুগে যুগে মানব সভ্যতা যতই উন্নতির পথে এগিয়ে চলেছে ততই জীবনযাত্রার ধারার পরিবর্তন হচ্ছে। এই ক্রমবর্ধমান সভ্যতার সংগে সামঞ্জস্যসাধনের জন্য শিক্ষা পদ্ধতিরও পরিবর্তন চাই এবং সেই পরিবর্তন ঘটা চাই প্রধানত শিক্ষার লক্ষ্য ও অর্থের ভিত্তিতে।

প্রচলিত শিক্ষায় ছাত্র ছাত্রীদের কেবলমাত্র বুদ্ধির দিকটা সমৃদ্ধ ও বিকশিত করা হয়, তার সামাজিক পারিবারিক, রাষ্ট্রিক জীবন অথবা তার স্বাস্থ্য, আচার ব্যবহার ও পরিবেশের সংগে নিজেকে খাপ খাইয়ে নেওয়ার যোগ্যতা প্রভৃতির প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া হয় না। বস্তুত এ সমস্ত ব্যাপারগুলি বিদ্যালয়ে পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত করা হয় না এবং শিক্ষাদর্শের এই সংকীর্ণতার জন্য বক্তৃতার পদ্ধতিই শিক্ষায় অবলম্বিত হয়ে চলেছে।

সম্প্রতি দেশে শিক্ষার অর্থ অনেক ব্যাপকভাবে গৃহীত হচ্ছে। শিক্ষার প্রকৃত উদ্দেশ্য হ'ল পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রিক জীবনের সকল ক্ষেত্রে মানুষকে সুপ্রতিষ্ঠিত করা এবং তদুদ্দেশ্যে ব্যক্তিত্বের সর্বতোমুখী বিকাশের জন্য আজকাল শিক্ষাব্যবস্থায় সংস্কারপ্রচেষ্টা চলছে এবং শিক্ষণীয় বিষয়গুলিরও কিছু কিছু পরিবর্তন সাধিত হচেছ। এরই ফলে মেয়েদের জন্য গৃহবিজ্ঞান বিষয়টিকে বিদ্যালয়ে পাঠ্যক্রমের উচ্চতম ধাপ পর্যন্ত অন্তর্ভুক্ত করা হয়েছে। এই বিষয়টি শুধুমাত্র বক্তৃতা পদ্ধতিতে শেখানো যায় না বলে এর শিক্ষণের জন্য কর্মকেন্দ্রিক পদ্ধতির প্রয়োগ হচেছ। গৃহবিজ্ঞানের পাঠ্যক্রমের সকল অংশেই কর্মকেন্দ্রিক শিক্ষাপদ্ধতির প্রয়োগের যথেষ্ট সুযোগ ও সুবিধা আছে।

কর্মকেন্দ্রিক শিক্ষার অর্থ শুধু এই নয় যে সর্বদা হাতে কলমে কাজ করা। এই পদ্ধতির প্রয়োগে আমরা এও বুঝি যে ছাত্রীরা নিজেরা অগ্রণী হয়ে, উৎসাহ করে তাদের পাঠ্যক্রমের বিষয়গুলি সম্বন্ধে নিজেরা জানবে এবং সেই সম্পর্কে নানা তথ্য সংগ্রহ করবে। এই ব্যাপারে ছাত্রীরাই সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করবে, শিক্ষিকা তাদের সাহায্য করবেন, কার্যপদ্ধতির পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনবোধে তাদের ভুলের সংশোধন করে দেবেন। ফলে ছাত্রীদের আত্মবিশ্বাস, দায়িত্ববোধ ও নোতুন বিষয় গ্রহণকরার ক্ষমতা বিকশিত হবে, এবং পাঠ্যবিষয়ের সংগে পাঠ্যবহিভূত বিষয়ের সমন্বয়সাধনের ক্ষমতা বৃদ্ধি পাবে। এই ব্যাপারে ছাত্রীরা বিষয়ানুসারে চার্ট তৈরি ও অন্যান্য জিনিষপত্র সংগ্রহ করতে পারে।

ছাত্রীরা গৃহবিজ্ঞানের "বুলেটিন" বা পত্রিকা প্রকাশ করতে পারে। তাদের হাতের তৈরি জিনিষ দিয়ে বছরে

একবার প্রদর্শনী হ'তে পারে এবং সেই সময়ে মাতাপিতৃ-দিবসও (Parents' day) অনুষ্ঠিত হ'তে পারে। এর ফলে শিক্ষক অভিভাবকের মানবীয় সম্পর্ক (human relations) সম্বন্ধে অভিজ্ঞতা হয়। এই উপলক্ষ্যে তারা নানাপ্রকার খাবার তৈরি করে সুলভে (Cheap Canteen) বিক্রি করতে পারে। তাতে তাদের আয়ব্যয়ের হিসাবজ্ঞান ও বাজেটের প্রস্তুত করার প্রত্যক্ষ জ্ঞান বাড়বে। এই সময়ে তারা বিদ্যালয়কে ফুল ও আল্পনা দিয়ে সুন্দর করে সাজাতে পারে। বিদ্যালয়ে টিফিনের ব্যবস্থা না থাকলে গৃহবিজ্ঞানের ছাত্রীরা প্রধানা শিক্ষয়িত্রীর সহযোগিতা ও উপদেশানুসারে সুলভ, পুষ্টিকর খাদ্যের স্থায়ী ক্যাণ্টিনের পরিচালনা করতে পারে। গৃহবিজ্ঞানের রোগিকক্ষ বিদ্যালয়ের সহসা আহত বা অসুস্থ ছাত্রীদের আশ্রয়রূপে ব্যবহৃত হ'লে ছাত্রীরা সেখানে প্রাথমিক শুশ্রূষার কাজ করে বাস্তবজীবনে প্রাথমিক প্রতিবিধানের জ্ঞানের প্রয়োগ করতে পারে। স্কুলের মেয়েদের সাধারণ স্বাস্থ্যের পরিমাপের জন্য তদের উচ্চতা, ওজন নাড়ীর ও শ্বাসপ্রশ্বাসের গতির পরীক্ষণ ক'রে গৃহবিজ্ঞানের ছাত্রীরা শিক্ষিত বিষয়ের সুষ্ঠুতর জ্ঞান লাভ করতে পারে।

গৃহবিজ্ঞানের ছাত্রীরা বিষয়শিক্ষিকার তত্ত্বাবধানে মাঝে মাঝে বনভোজন এবং শিক্ষামূলক ভ্রমণে যেতে পারে। এতে ছাত্রীরা বিভিন্ন পরিবেশ ও সামাজিক পর্যবেক্ষণ করতে পারে, ভ্রমণকালীন সমুদয় কাজকর্মের দায়িত্ব নিয়ে সমস্যার সমাধানের ক্ষমতা, দায়িত্বজ্ঞান, প্রত্যুৎপন্নমতিত্ব প্রভৃতি গুণের বিকাশ ঘটে। বিদ্যালয়ে সুযোগ ও সুবিধা থাকলে ছাত্রীর সব্জি ও ফলফুলের বাগান করে পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত ও বহির্ভূত উভয় ক্ষেত্রেই জ্ঞান আহরণের মধ্য দিয়ে আনন্দ ও স্বাস্থ্য দুইই লাভ করতে পারে। এর ফলে তাদের উদ্ভিদ, কৃষি, বিভিন্ন ফলসব্জির খাদ্যগুণ প্রভৃতি সম্পর্কে জ্ঞান হয়।

বিদ্যালয়ের উৎসবগুলির অনুষ্ঠানে সক্রিয় অংশ গ্রহণ করে' তাদের ব্যক্তিত্ব ও অন্তর্নিহিত গুণাবলির বিকাশ ঘটে ও ওই বিষয়গুলির অবলম্বনে প্রবন্ধ রচনা করতে পারে।

## গৃহবিজ্ঞানবিভাগে আলপনা শিক্ষার পরিকল্পনা

এই পরিকল্পনাটি রচনা করেছেন নব বারাকপুর উচ্চতর বালিকা বিদ্যালয়ের শিক্ষিকা প্রভা ঘোষ।

**সমস্যা**—নবম শ্রেণীর গৃহবিজ্ঞানের ছাত্রীদের আলপনা দেওয়ায় অক্ষমতা ও অনাগ্রহ।

**অনুমিত কারণ—**

১। আলপনা আঁকার উদ্দেশ্যবোধের অভাব।

২। বিদ্যালয়ের নিচের শ্রেণীর থেকে আঁকতে শেখার সুযোগ নেই।

৩। আগেকার দিনের মতো ঘরে ঘরে আলপনা দেওয়া রেওয়াজ না থাকায় আলপনা দেওয়া ও দেখার সুযোগ পায় না।

৪। মেয়েদের কল্পনাশক্তির ও সৌন্দর্যবোধের উদ্বোধনের অভাব।

**অনুমিত সমাধান—**

১। বিদ্যালয়ের উৎসবাদির সময়ে আলপনার ব্যবহার করতে হবে।

২। মাঝে মাঝে আলপনা আঁকার প্রতিযোগিতা করাতে হবে।

৩। ভাল ভাল আলপনা ও ছবি সংগ্রহ করে মেয়েদের দেখাতে হবে ও মেয়েদের অনুরূপ সংগ্রহে উৎসাহ দিতে হবে।

৪। বিদ্যালয়ের পরিবেশের সৌন্দর্য বিধানে উৎসাহিত করে ছাত্রীদের সৌন্দর্যবোধ বাড়াতে হবে।

৫। নিচু শ্রেণী থেকে ছবি আঁকা শেখানোর ব্যবস্থা ক'রে মেয়েদের মৌলিক ও অনুকৃতি ছবি আঁকার অভ্যাস করতে হবে।

**কাজের পরিকল্পনা—**

১। ছাত্রীদের ভালোভাবে ছবি আঁকা শেখানোর ব্যবস্থা করতে হবে। এর জন্য বিশেষ শিক্ষকের নিয়োগ, ঘণ্টার ব্যবস্থা ও পুরস্কারের ব্যবস্থা করতে হবে।

২। ছাত্রীদের আঁকা সুন্দর সুন্দর ছবি বিদ্যালয়ের শ্রেণীকক্ষ ও অন্যান্য স্থানে সাজাতে হবে। ছাত্রীরা সপ্তাহে অন্তত একদিন দিনে শেষ ঘণ্টায় বিদ্যালয়ের একেকটি স্থানে আলপনা দেবে। প্রার্থনাগৃহ, উৎসব স্থান প্রভৃতির আলপনা দেওয়া ও সাজানোর ভার গৃহবিজ্ঞানের ছাত্রীদের দেওয়া হবে। ভাল আলপনার জন্য প্রশংসা ও পুরস্কারের ব্যবস্থা করা হবে।

৩। ভাল ভাল ছবি ও আলপনার নমুনার বই বিদ্যালয়ের গ্রন্থাগারে রাখা হবে ছাত্রীদের সেগুলি দেখার ও পড়ার জন্য উৎসাহিত করা হবে। ভারতের বিভিন্ন প্রদেশের অধিবাসীর আলপনা প্রভৃতির দ্বারা গৃহের সজ্জার পদ্ধতি নিয়ে তুলনামূলক ও উৎকর্ষবিচারমূলক আলোচনা হবে ছাত্রীদের চিত্রপ্রদর্শনীতে নিয়ে যাওয়া হবে।

৪। ছাত্রীরা নিজেদের সংগ্রহ পুস্তকে ভালো ভালো ছবি, আলপনা দেওয়ার বিভিন্ন পদ্ধতি ও তৎসম্বন্ধীয় বিবরণী সঞ্চিত ক'রে রাখবে।

**মূল্যায়ন :—**

১। পূর্ব পূর্ব বৎসরের সংগে তুলনা করে কোনো উন্নতি হয়েছে কিনা বোঝা হবে।

২। মেয়েদের আলপনার কাজে উৎসাহের বৃদ্ধি হল কিনা দেখা হবে।

## বিজ্ঞান পড়ানো

### প্রথম

বিজ্ঞানের বিষয়ে নিম্নলিখিত কার্যক্রমটি রচনা করেছেন বাণীবন বালিকা বিদ্যালয়ের শিক্ষিকা বাণী চক্রবর্ত্তী।

বর্তমান যুগ বিজ্ঞানের যুগ। জীবনের প্রতি ক্ষেত্রে বিজ্ঞানের দান অনুভব করা যায়। আমাদের ভবিষ্যৎ নাগরিকেরা যাতে এদেশের উপযুক্ত হয়ে গড়ে' উঠতে পারে তাই উচ্চতর মাধ্যমিক বিদালয়ে বাধ্যতামূলকভাবে সাধারণ বিজ্ঞানের শিক্ষা দেওয়ার ব্যবস্থা হয়েছে।

এ অবস্থায় বিজ্ঞানশিক্ষিকার প্রথম কর্তব্য ছাত্রছাত্রীদের মধ্যে বিজ্ঞানশিক্ষাবিষয়ে ঔৎসুক্য জাগানো। সক্রিয়তা অল্প বয়সের ধর্ম, তাই বিভিন্ন পরীক্ষানিরীক্ষামূলক কার্যকলাপের মধ্যে দিয়েই বিজ্ঞান তাদের কাছে চিত্তাকর্ষক হয়ে উঠতে পারে।

বৈজ্ঞানিক বিষয়ের পর্যবেক্ষণ ও পরীক্ষণই হবে উচ্চশ্রেণীর বিজ্ঞানপড়ানোর প্রধান কার্যক্রম। বিজ্ঞানকে বাস্তবের রূপে মণ্ডিত ক'রে এ-গুলি তাদের আনন্দের সংগে শিক্ষা লাভে সাহায্য করবে।

মাঝে মাঝে ভ্রমণ ভ্রমণ করারও প্রয়োজন হবে। তখন শিক্ষিকা ছাত্রীদের নিয়ে আশেপাশের গাছ পালা, জীবজন্তু, ভূ-প্রকৃতি পর্যবেক্ষণ করতে নিয়ে যাবেন। সুযোগ ঘটলে কলিকাতায় নিয়ে গিয়ে যাদুঘর, বোটানিকাল গার্ডেন, কলকারখানা প্রভৃতি দেখাবেন।

নিম্নশ্রেণীতে সাধারণ বিজ্ঞানের পাঠ্যক্রমে পরীক্ষণের বিশেষ অবকাশ নেই এদের জন্য পর্যবেক্ষণ ও পরীক্ষামূলক কার্যক্রম গঠন করে' প্রত্যেককে তাতে অংশগ্রহণ করাতে হবে। নিচে উচ্চ ও নিম্নশ্রেণীতে বিজ্ঞানের বিভিন্ন বিজ্ঞানের বিভিন্ন বিভাগের উপযোগী কার্যক্রমের একটি তালিকা দেওয়া হ'ল—

**উচ্চ শ্রেণীর জন্য :—**

অনুবীক্ষণের ব্যবহার করা।

ব্যারোমিটারে বাতাসের চাপ মেপে তার হিসাব রাখা।

দোলকের নিয়মগুলি স্বহস্তে পরীক্ষা করে' দেখা।

আলোর প্রতিসরণ ও প্রতিফলনের নিয়মের পরীক্ষা করা।

বৈদ্যুতিক ঘণ্টা তৈয়ারি করা।

পত্রোদ্গম ও পাতাঝরার অবস্থার পর্যবেক্ষণ ও বিবরণ রচনা।

গাছের শ্বাসকার্য, প্রস্বেদন ও আহারের বিভিন্ন পরীক্ষা করা।

**নিম্নশ্রেণীর জন্য :—**

বিজ্ঞানের পাঠ্যবিষয়গুলির সম্বন্ধে ছবি ও তথ্য-সংগ্রহ করে' সঞ্চয়নের পুস্তক তৈরি করবে।

গাছপালা ফুল ফল প্রভৃতি সংগ্রহ করবে, এদের অংশ, অবস্থা ও শ্রেণীবিভাগের মডেল, চার্ট, ছবি ইত্যাদি প্রস্তুত করবে এবং মাটি-পাথর-খনিজদ্রব্য, জীবজন্তু, পোকামাকড় প্রভৃতি নিয়ে অনুরূপ কাজ করবে। বাগান করে' গাছপালা, ফলফুল উৎপন্ন করবে।

ছাত্রীরা প্রাচীরপত্র প্রস্তুত ক'রে বিজ্ঞান সম্বন্ধীয় কার্যকলাপের বিবরণ ও নমুনা প্রচার করবে। তাদের জন্য একটি প্রশ্নের বাক্স থাকবে, তারা প্রশ্নগুলি রাখবে, পরে শিক্ষিকা বা অন্যান্য ছাত্রীরা তার উত্তর দেবে। এই কাজ ওপরের শ্রেণীর মেয়েরাও করতে পারে।

ওপরের ও নিচের সমস্ত শ্রেণীর মেয়েরাই বিজ্ঞান-সমিতিতে যোগ দেবে। বিদ্যালয়ে শ্রেণী হিসেবে দুটি সমিতি স্থাপিত হ'তে পারে। এরা নানাপ্রকার কাজ-কর্মের ভার নেবে, যথা—

১। সংগ্রহের কাজ—গাছ-পালা, পশু-পক্ষী, কীট-পতংগ, মাটি-পাথর ইত্যাদি।

২। হাতের কাজ—চার্ট ও মডেল তৈরী করা, ছবি আঁকা, যন্ত্রপাতি তৈরি করা।

৩। পালনের কাজ—মাছ, ব্যাং, পোকা, ছোট ছোট পাখী, জন্তু প্রভৃতি পোষা।

৪। রাসায়ণিক কাজ—নিত্য ব্যবহার্য নানা রাসায়ণিক পদার্থ প্রস্তুত করা।

৫। সামাজিক কাজ—শিক্ষামূলক ভ্রমণ, বিজ্ঞানমেলা, বিজ্ঞানদিবস পালন, বিজ্ঞানের বিতর্ক ও আলোচনাসভার ব্যবস্থা করা।

৬। সাহিত্যিক কাজ—বিজ্ঞানপত্রিকার প্রকাশ করা, বিদ্যালয়ের পত্রিকার জন্য বিজ্ঞানের প্রবন্ধ, গল্প ইত্যাদি লেখা, বিজ্ঞানের প্রাচীরপত্র তৈরি করা।

বাণী চক্রবর্তী এরপর বিজ্ঞান শিক্ষণবিষয়ক একটি পরিকল্পনাও দিয়েছেন, কিন্তু ওপরের প্রবন্ধে তার অধিকাংশ কার্যকলাপের কথা লিপিবদ্ধ হওয়ায় পুনরুক্তি ভয়ে পরিকল্পনাটি ছাপা হ'লনা।

গৃহ বিজ্ঞান সম্পর্কিত বিভিন্ন বিষয়ের ছবি, খবর প্রবন্ধ ইত্যাদি সংগ্রহ করে ছাত্রীরা একটি খাতার মধ্যে (Scrap-book) রাখতে পারে। সেলাই শিক্ষার সূত্রে নিজেদের ও ভাইবোনের কাপড় চোপড় সেলাই করে পুরোনো ঢংয়ের পোষাক আধুনিক ফ্যাশানে পরিবর্তিত ক'রে। সংসারের সাহায্য করতে পারে। উৎসবাদিতে যোগ দেবার সময়ে নাটকাদিতে ব্যবহৃত দৃশ্যপট ও পোষাক গৃহবিজ্ঞানের মেয়েরাই প্রস্তুত করতে পারে। ব্যবহৃত জিনিষ পত্র পরিস্কার ও মেরামত করে ভবিষ্যতের ব্যবহারের জন্য সাবধানে রক্ষা করার ভারও তারাই নিতে পারে। এতে মেয়েদের কর্মক্ষমতা ও কল্পনা শক্তি উভয়েই বিকাশ ঘটে।

উপরিউক্ত নানা উপায়ে গৃহ বিজ্ঞানের পাঠ্য বিষয়কে কর্মকেন্দ্রিক শিক্ষাপদ্ধতির মধ্য দিয়ে ছাত্রীদের জ্ঞানকে ব্যবহারিক, আনন্দপ্রদ, উৎসাহোদ্দীপক করে সর্বাংগীন উন্নতির পথ প্রশস্ত করা যায়; কিন্তু সংগে সংগে একথারও উল্লেখ করতে হবে যে এই পদ্ধতির সার্থক প্রয়োগের জন্য এই বিষয়ের পাঠ্যক্রমকে আরো কার্যিক ও পরীক্ষণকে ব্যবহারিক করার প্রয়োজন আছে।

## বিদ্যালয়ে গোলমাল বন্ধ করার পরিকল্পনা

এই পরিকল্পনাটি রচনা করেছেন নবব্যারাকপুর উচ্চতর বালিকা বিদ্যালয়ের শিক্ষিকা বেলা বন্দ্যোপাধ্যায়।

**সমস্যা :—**

বিদ্যালয়ের মেয়েরা অত্যন্ত চেঁচামেচি করে।

**অনুমিত কারণ :—**

১। শিক্ষিকারা সময় মতো শ্রেণীতে যান না এবং অনেক সময়ে তাঁদের অনুপস্থিতির দরুণ শ্রেণীতে শৃংখলা রক্ষার ভারপ্রাপ্ত কেউ থাকে না।

২। বিদ্যালয়ের পাঠনপদ্ধতি চিত্তাকর্ষক নয়, ছাত্রীদের করণীয় কোনো কাজ বা পর্যবেক্ষণ ও অনুধাবন করার মতো বিষয় ও বস্তু থাকে না।

৩। তাদের দায়িত্বগ্রহণের ও আত্মশাসনের কোনো শিক্ষা দেওয়া হয় না।

**অনুমিত সমাধান :—**

১। শিক্ষিকাকে সময়মতো শ্রেণীতে যেতে হবে এবং ছাত্রীদের তাঁর অনুপস্থিতিতে নিজেদের দায়িত্ব নেবার উপযোগী শিক্ষা দিতে হবে।

২। শ্রেণীর পড়ানো এমন হবে যে ছাত্রীরা তাতে প্রচুর আগ্রহ ও উৎসাহের খোরাক পাবে এবং নানা কাজ করতে ও বই পড়তে চাইবে।

৩। শ্রেণীতে এমন ব্যবস্থা করতে হবে যাতে শিক্ষিকা একদিন না এলে ছাত্রীরা স্বতঃপ্রবৃত্ত হয়ে তাঁর বিষয়ের কাজ করে।

৪। ছাত্রীদের আত্মশৃংখলার অভ্যাস করাতে হবে।

**কাজের পরিকল্পনা :—**

১। শিক্ষিকা সর্বদা সময়নিষ্ঠ হবেন—ঘণ্টা পড়লে ক্লাসে যাবেন ও শেষ হ'লে যতদূর সম্ভব শীঘ্র চ'লে আসবেন।

২। তিনি যখন শ্রেণীতে আছেন সেই সময়ে ছাত্রীরা যাতে গোলমাল না করে তার জন্য তিনি হাসিগল্প ও নানা উপকরণের ব্যবহার দ্বারা পাঠকে চিত্তাকর্ষক করবেন।

৩। শ্রেণীতে মাঝে মাঝে ছাত্রীদের গোষ্ঠীতে গোষ্ঠীতে বিভক্ত ক'রে স্বচেষ্টায়, সক্রিয়ভাবে জ্ঞানার্জন ও প্রকল্প উত্থাপনের অভ্যাস করানো হবে। বৎসরে প্রত্যেক শ্রেণীতে অন্ততপক্ষে একটি প্রকল্প গ্রহণ করলে মেয়েদের স্বাধীনভাবে কাজ করার অভ্যাস হবে।

৪। শিক্ষিকারা সব সময়ে তাঁদের শ্রেণীর মেয়েদের জন্য কিছু ক্যজের ব্যবস্থা ক'রে রাখবেন যাতে তাদের অবর্তমানে মেয়েরা সেই কাজ নিয়ে ব্যাপৃত থাকতে পারে।

৫। বিদ্যালয়ে 'সংঘ' বা হাউজ-সিস্টেমের প্রবর্তন ক'রে স্বায়ত্ত-শাসন ও দায়িত্বগ্রহণের অভ্যাস করতে হবে যাতে প্রয়োজনবোধে ছাত্রীরা নিজ নিজ শ্রেণীর বা সমগ্র বিদ্যালয়ের শৃংখলার দায়িত্ব নিতে পারে।

**মূল্যায়ন :—**

এই পরিকল্পনার মূল্যায়নের একমাত্র উপায় অভিজ্ঞতার বিচার। অন্তত এক বৎসর উপরিউক্ত কার্যক্রমের গ্রহণের পর অবস্থার কোনো উন্নতি হয়েছে কিনা দেখা হবে।

---

## কৈফিয়ৎ

### কল্যাণী কার্লেকর

শ্রাবণীর ষষ্ঠ সংখ্যা বিলম্বে, কিন্তু বর্ধিত কলেবরে প্রকাশিত হ'ল। বিলম্বের কারণ যন্ত্রদানবের দুর্ব্যবহার আর বর্ধিত অবয়ব শিক্ষক সমাজের মানসিক সক্রিয়তার পরিচায়ক।

আমাদের দেশের বিদ্যালয়ের শিক্ষকরা বহু অভাব অভিযোগ, অসুবিধা ও অশুভযোগের মধ্যে কাজ করেন। কর্মজগতের অন্যান্য ক্ষেত্রের মতো এই ক্ষেত্রেও আদর্শ থেকে দূরে স্খলিত হ'লেও লক্ষ্যের দিকে এগিয়ে যাওয়ার চিন্তা এদের রচনায় সুস্পষ্ট।

মানব সমাজের সঞ্চরমানতার মূলে আছে মানুষের চঞ্চল মন। এই অশ্রান্ত, অশান্ত মন সমাজকে এগিয়ে নিয়ে চলেছে। মানুষ ভেবে কাজ করে, জেগে যাত্রা করে। শ্রাবণীতে সেই জাগরণের বাণী প্রকাশিত হয়েছে। যাঁরা এই জাগৃতির সূত্রপাত করেছেন তাঁরাই বলতে পারবেন এবার যাত্রা শুরু হবে কিনা।

এই সংখ্যার শ্রাবণী শিক্ষিকাদের চিন্তাপ্রসূত ফলে সমৃদ্ধ। গ্রীষ্মের ছুটির শিক্ষাশিবিরে মাত্র বারোদিনের জন্য যাঁরা একত্র হয়েছিলেন তাঁদের চিন্তা ও পরিকল্পনার আংশিক বিবৃতি এই সংখ্যায় প্রকাশিত হল, অপরাংশ বারান্তরে, স্থানান্তরে প্রকাশিত হবে।

এঁদের উদ্দেশ্য ছিল শিবিরের পর ফিরে গিয়ে পরিকল্পিত কার্যক্রমগুলিকে কাজে পরিণত করা, কিন্তু নানা কারণে তা সম্ভব হয়নি। আগামী বছরে যদি তাঁরা আংশিক ভাবেও সেগুলি আরম্ভ করতে পারেন তবে অনুমান থেকে প্রমাণক্ষেত্রে পদার্পণ করবেন।

পৃথিবীর প্রগতিশীল দেশগুলিতে শিক্ষাপদ্ধতি পরীক্ষানিরীক্ষার ভিত্তিতে স্থাপিত হয়। উচ্চভাব ও শব্দে পূর্ণ অস্পষ্ট আদর্শ নিরর্থক হতে পারে এবং গৃহীত পদ্ধতি প্রয়োগক্ষেত্রে অনুমিত ফল নাও দিতে পারে। এগুলিকে যাচিয়ে প্রমাণ করাই নিশ্চিতির একমাত্র উপায়। আমাদের শিক্ষা ক্ষেত্রে স্বীকৃত অথচ অপ্রমাণিত ভাবাদর্শের এমন বহু উদাহরণ দেওয়া যায় বর্তমানের শিক্ষাসংকটে যার বিচারের নিতান্তই প্রয়োজন হয়েছে।

যেমন মানুষের মনের বাহন ভাষার ক্ষেত্রেই শিক্ষার কি দুরবস্থা হয়েছে! ব্যাকরণ শিক্ষায় ভাষাপ্রয়োগের বিশুদ্ধি জন্মায় একথাকে স্বতঃসিদ্ধ সত্যরূপে ধরে নিয়ে ভাষাশিক্ষাকে তার ওপর প্রতিষ্ঠিত করা হয়েছে, একদিকে ভাষার মান যত অবনত হয়ে চলেছে ব্যাকরণের বোঝা অন্যদিকে ক্রমাগত বাড়িয়েও উন্নতির চিহ্ন মাত্র দেখা যাচ্ছে না। আবার ছাত্রদের শব্দসম্পদ ও ভাব বোধক্ষমতার কোনো বিচার না করেই সংকীর্ণ পাঠ্যক্রমের আত্যন্তিক ভাবে বিশেষিত পাঠের বোঝা তাদের ওপর চাপানো হয়েছে,—ব্যাপক অভিরুচিমূলক পাঠের পরিবর্তে অল্পসংখ্যক বইয়ের ব্যাখ্যানমূলক শিক্ষা পদ্ধতি গৃহীত হয়েছে। কয়েকটি বইয়ের বক্তব্য শব্দার্থ ও ব্যাখ্যা জানাকেই ভাষাশিক্ষার চরিতার্থতার প্রমাণস্বরূপ গ্রহণ করা হয়েছে,—ফলে শিক্ষার নীরসতা মর্মঘাতী হয়ে উঠলেও মান ক্রমশই অবনমিত হয়ে চলেছে।

শুধু ভাষা নয়, বিদ্যালয়ের সমস্ত বিষয়ের শিক্ষাতেই বহু অপ্রমাণিত প্রশ্ন ছড়িয়ে আছে, যেমন,—ইতিহাস ভূগোলের তথ্যমূলক জ্ঞানের উপযোগিতা বেশি, না বিশ্লেষণমূলক বোধের? বিষয় দুটি পৃথক পড়ালে ভালো, না অনুবন্ধিত ভাবে? ছাত্রদের সুনাগরিকরূপে গড়ে তোলার জন্য পৌরনীতির পরিচ্ছেদগুলি মুখস্থ করানোই যথেষ্ট, না অভ্যাসমূলক কার্যক্রম গ্রহণ করার প্রয়োজন আছে? ইংরেজি শিক্ষার কোন পদ্ধতি শ্রেষ্ঠ—ব্যাকরণভিত্তি, পাঠ্যপুস্তকভিত্তি না কথোপকথন-

ভিত্তি? অধিকাংশ সাধারণ বুদ্ধির ছাত্রছাত্রী কেন অংক কষতে পারেনা আর বিজ্ঞান বিষয়ে অনুসন্ধিৎসু নয়?

আজকের শিক্ষাক্ষেত্রে প্রশাসনের প্রথম সমস্যার ছাত্র শৃংখলার প্রশ্নের উত্তর চাই। ছাত্রদের মধ্যে সংযমের ও ভদ্রতার অভাবের কে বা কি দায়ী?—যুগের হাওয়া, শিক্ষকের ব্যবহার, পড়ানোর পদ্ধতি, পরীক্ষার ব্যবস্থা, না আর কিছু?

আরো কত প্রশ্ন করা যায় এবং শিক্ষকেরা কত প্রশ্ন ক্রমাগত ক'রে এসেছেন কিন্তু সুযোগ সুবিধার অভাবে উত্তরের অনুসন্ধান করা হয়নি। এবার সেই অনুসন্ধানের আহবান এসেছে। কেন্দ্রীয় সরকারের শিক্ষা বিভাগে শিক্ষিকাদের গৃহীত প্রকল্পগুলিকে উৎসাহিত করার পরিকল্পনা নেওয়া হয়েছে। যারা এতদিন পর্যন্ত কাগজে কলমে পরিকল্পনা করে এসেছেন তাঁরা যদি এখন সেগুলিকে হাতে কলমে যাচিয়ে নেওয়ার জন্য আসেন তবে শিক্ষাক্ষেত্রের একটি মস্ত অভাব দূর হবে।

শুধু জাতির উন্নতির জন্য নয়, শিক্ষাকে বিজ্ঞান-সম্মত করে সকলের সংগে সমান হবার উদ্দেশ্যে নয়, নিছক আত্মরক্ষার জন্য নূতন চিন্তা ও কাজের প্রয়োজন গভীর হয়ে উঠেছে। শিক্ষকজীবনের বৈচিত্র্যের অভাব নিয়ে অভিযোগ করা হয়। কিন্তু প্রথম থেকে শেষাবধি বৎসরের পর বৎসর একই বক্তৃতা দেওয়া ও খাতা দেখার নিষ্প্রাণ পুনরাবৃত্তি করে চল্লে অকালবার্ধক্যের আর দোষ কি? অভ্যাসের সংকীর্ণ পথে ধারাবাহিকতার দৃঢ় বন্ধনে জীবনের স্থান নেই বলে মরণ অনিবার্য। এ ক্ষুৎপিপাসার তাড়নাসঞ্জাত দৈহিক অবসান নয়, এ মানসিক অনশনে আত্মার নিপাত। এই মৃত্যু এ-জীবনে প্রত্যহ ঘটছে, কিন্তু ঘুমের বড়ি খেয়ে আত্মহত্যার মতো অচেতনতার প্রলেপে মৃত্যুযন্ত্রণা আত্মগোপন করেছে। এই সংবেদনহীনতার ভীষণ নরক থেকে উত্থিত হবার ক্ষমতাও প্রায় নিঃশেষ। কিন্তু এখনও যাঁরা নূতন, যাঁদের চক্ষুকর্ণ এখনও ঢাকা পড়েনি, আশা করি অন্তত তাঁরাও আমাদের আহবানে সাড়া দেবেন।

———